# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৯৫তম বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩১ আগস্ট, ২০১০ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল তানভির হাসান মজুমদার<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ ওয়াসেক ইকবাল খান মজলিশ, পিএসসি, জিডি(পি) — অনুপস্থিত
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) লেঃ কর্ণেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) মেজর এ কে এম শহীদুল হাসান — উপস্থিত
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) লেঃ কমান্ডার কামরুল আলম, (জি), বিএন — উপস্থিত
প্রতিনিধি, অধিনায়ক
বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ মোতাহার হোসেন — উপস্থিত
বাড়ী#১৮৬, লেন#৩, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) শাহে এলিদ মাইনুল আমিন — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি (অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

চলমান পাতা-২

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ৩১ আগস্ট, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা ঃ গত ৩১ আগস্ট, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ৩১ আগস্ট, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ ঃ জুলাই, ২০১০ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদিসহ ২০০৯-২০১০ আর্থিক সালের রাজস্ব আদায়/বকেয়ার বিস্তারিত প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, ২০১০-২০১১ আর্থিক সালে গৃহকর বাবদ মোট চলতি দাবী ২,৩৭,০০,০০০.০০ টাকা এবং পূর্ববর্তী বছরের বকেয়া ৭৩,১১,৮৬৮.০০ টাকাসহ সর্বমোট দাবী ২,৯৪,১৫,৩৩৫.০০ টাকার মধ্যে ৩১ জুলাই, ২০১০ তারিখ পর্যন্ত মোট আদায় হয়েছে ১৩,২০,৫৭৪.০০ টাকা। যার মধ্যে জুলাই, ২০১০ মাসে ক্যান্টনমেন্ট বাজার এলাকার গৃহকর বাবদ ৬৯,১১০.০০ টাকা, ডিওএইচএস বনানী এলাকার গৃহকর বাবদ ১,১৭,৪৪৫.০০ টাকা, ডিওএইচএস মহাখালী এলাকার গৃহকর বাবদ ৩,৭৩,৬৬৩.০০ টাকা, ডিওএইচএস বারিধারা এলাকার গৃহকর বাবদ ৬,২২,২২৪.০০ টাকা, ডিওএইচএস মিরপুর এলাকার গৃহকর বাবদ ৪,৪২৮.০০ টাকা, কচুক্ষেত এলাকার গৃহকর বাবদ ১,৩৩,৭০৪.০০ টাকা আদায় হয়েছে। এছাড়াও রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ ৯,৪০,৭৭৭.০০ টাকা আদায় করা হয়েছে।

আলোচ্যসূচী-৩ ঃ জুন ও জুলাই, ২০১০ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, জুন ও জুলাই, ২০১০ মাসে ক্যান্টনমেন্ট বোর্ডের আয় হয়েছে ৬,৬২,১৪,৮০৩.৬০ টাকা এবং ব্যয় হয়েছে ৭,৩৯,৯৭,৪৬৪.০০ টাকা।

সিদ্ধান্ত ঃ জুন ও জুলাই, ২০১০ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-৪ ঃ জুলাই, ২০১০ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক অবস্থায় আছে। মশার উপদ্রব নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। আসন্ন ঈদ-উল-ফিতর এর ঈদ এর জামাত উপলক্ষে সেনানিবাস কেন্দ্রীয় মসজিদসহ সকল এলাকার পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ সৌন্দর্যবর্ধন করার কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ঈদ-উল-ফিতর এর ঈদের জামাত উপলক্ষে সেনানিবাসের সকল মসজিদ সংলগ্ন এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড এবং স্টেশন হেলথ অর্গানইজেশনকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-৩*

আলোচ্যসূচী-৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন প্লট/ফ্ল্যাট নামজারী প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্রমিক নং-১ হতে ৪ এ উল্লেখিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিম্নবর্ণিত বাড়ীসমূহে নির্মিত ফ্ল্যাটগুলো প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্রের প্রেক্ষিতে এবং বোর্ডসভার অনুমোদনক্রমে সংশ্লিষ্ট ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে বিধায় রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের নামে সংশ্লিষ্ট ফ্ল্যাটগুলো নামজারী করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#২৬/এ, ফ্ল্যাট#২/এ, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) জনাব আতিকুর রহমান খান (২) আফরীনা আজিজ বাড়ী#২৬/এ, ফ্ল্যাট#২/এ, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ২২ মার্চ, ২০১০ | ১৩০০/১২০/৫৭/৫/খ তাং- ১৭/১/২০০৭ | ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৬/এ/ফ্ল্যাট নং-২/এ/২১ তাং- ১২/২/২০০৯ | উক্ত প্লটে নির্মিত বাড়ীতে কোন অনুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ৯,০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে এবং তা জুন, ২০১০ পরিশোধ আছে। |
| (২) | বাড়ী#২৬/সি, ফ্ল্যাট#এ-৪, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) বিপ্লব নারায়ন চৌধুরী (২) কৃষাণ নারায়ন চৌধুরী বাড়ী#২৬/সি, ফ্ল্যাট#এ-৪, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ১০ আগস্ট, ২০১০ | ১৩০০/১২০/৫৭/৫ তাং- ০৭/২/২০১০ | ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৬/সি/ফ্ল্যাট নং-এ-৪/২৯ তাং- ১৩/৫/২০১০ | উক্ত প্লটে নির্মিত বাড়ীতে কোন অনানুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা নির্ধারণ করা হয়েছে এবং তা জুন, ২০১০ পরিশোধ আছে। |
| (৩) | বাড়ী#২৬/সি, ফ্ল্যাট#সি-২, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) ডাঃ মোঃ মজিবুর রহমান (২) মিসেস ফিরদৌস রহমান বাড়ী#২৬/সি, ফ্ল্যাট#সি-২, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ২৭ জুলাই, ২০১০ | ১৩০০/১২০/৫৭/৫ তাং- ১৬/৭/২০০৯ | ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২৬/সি/ফ্ল্যাট নং-সি-২/১৪ তাং-১৭/৯/২০০৯ | উক্ত প্লটে নির্মিত বাড়ীতে কোন অনুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা নির্ধারণ করা হয়েছে এবং তা জুন, ২০১০ পরিশোধ আছে। |
| (৪) | বাড়ী#৪৩/ই, ফ্ল্যাট#১-এ, রোড#৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | লেঃ কর্ণেল মোঃ ওমর ফারুক বাড়ী#৪৩/ই, ফ্ল্যাট#১-এ, রোড#৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ২৭ জুলাই, ২০১০ | ১৩০০/৩০/৩১/ নিরাপত্তা তাং- ০৯/২/২০০৮ | ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪৩/ই/ফ্ল্যাট নং-১-এ/১৩ তাং-০৮/৪/২০০৯ | উক্ত প্লটে নির্মিত বাড়ীতে কোন অনুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ১৭,৫০০/- টাকা নির্ধারণ করা হয়েছে এবং তা জুন, ২০১০ পরিশোধ আছে। |

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ফ্ল্যাটগুলো রেজিস্ট্রিকৃত দলিলমূলে সংশ্লিষ্ট ক্রেতাগণের নামে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ ঃ গত ২৯ জুলাই, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৪১বিবিধ(৮) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ সি-২২৪ নং দোকান প্রসংগে গঠিত কমিটির প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ সি-২২৪ নং দোকানের বিষয়ে গঠিত কমিটি নথিপত্র পর্যালোচনা করে নিম্নবর্ণিত প্রতিবেদন, মতামত ও সুপারিশ দাখিল করা হয়েছে -

**কর্মকর্তা পর্ষদ কর্তৃক উদঘাটিত তথ্যাবলী ঃ**

১। স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৭ জুন, ১৯৮৯ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের আলোকে ক্যান্টনমেন্ট বোর্ড ঢাকা ১০ জুলাই, ১৯৮৯ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৩০(২০)/৩/৩৮ নং পত্রের মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের সি-২২৪ নং দোকানটি সামরিক কোটায় জনাব মোঃ বাবুল মিয়া, পিতা- সিপাহী আইয়ুব আলীর নামে বরাদ্দ করা হয়।

২। রেকর্ড পর্যালোচনায় দেখা যায় ১৭ অক্টোবর ১৯৯১ তারিখের নোটারীকৃত চুক্তিনামার মাধ্যমে দোকানটি জনাব এ কে এম মিজানুর রহমান এর স্ত্রী মিসেস নুরুন নাহার সুলতানা খরিদ করেন।

৩। দাখিলকৃত কাগজপত্রে দেখা যায় উক্ত দোকানের ব্যাপারে ১৪ অক্টোবর, ১৯৯৯ তারিখে দোকানের মালিক জনাব মোঃ বাবুল মিয়া কর্তৃক জনাব এ কে এম মিজানুর রহমানকে আম-মোক্তার নিযুক্ত করা হয়।

৪। রেকর্ড পর্যালোচনায় আরো দেখা যায় যে, জনাব এ কে এম মিজানুর রহমান রজনীগন্ধা সুপার মার্কেটের সি-২২৪ নং দোকানটি বিক্রির উদ্দেশ্যে ২৫ নভেম্বর, ১৯৯১ তারিখে মিসেস ফিরোজা বেগম, স্বামী - মোঃ নুরুল আমিন মৃধার সাথে বায়না চুক্তি করেন।

৫। জনাব এ কে এম মিজানুর রহমান সি-২২৪ দোকানের পরিবর্তে সামরিক কোটার সি-২২৫ নং দোকানটি মিসেস ফিরোজা বেগম এর নিকট ১৪ নভেম্বর, ১৯৯২ তারিখে বিক্রি করেন।

৬। সামরিক কোটায় বরাদ্দকৃত সি-২২৪ নং দোকানটি বিক্রির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করা হয়নি এবং ক্যান্টনমেন্ট বোর্ডের নামজারী করা হয়নি।

চলমান পাতা-৪

৭। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড এর আইন উপদেস্টার মতামত চাওয়া হলে তিনি ১০ ফেব্রুয়ারি, ২০০২ তারিখে তাঁর আইনগত মতামতে জানান যে, জনাব এ কে এম মিজানুর রহমান উক্ত দোকানটির বরাদ্দলাভকারী বা স্বত্ত্বাধিকারী নহেন।

৮। সি-২২৪ নং দোকানটি সামরিক কোটার দোকান।

৯। সামরিক কোটার দোকান যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে উক্ত দোকানের পজেশন হস্তান্তরযোগ্য নহে এবং বোর্ড কর্তৃক রেকর্ড পরিবর্তন সম্ভব নহে।

১০। রজনীগন্ধা সুপার মার্কেটের সি-২২৪ নং দোকানটি ১০ মার্চ ১৯৯৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৭ এর সিদ্ধান্ত এবং স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ এপ্রিল, ১৯৯৯ তারিখের ৭০২/৪/কিউ-৩ নং পত্রের প্রেক্ষিতে দোকানটি তালাবদ্ধ করে ১৯ জুলাই, ১৯৯৯ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডের দখলে আনা হয়।

১১। নথি পর্যালোচনায় আরো দেখা যায় জনাব এ কে এম মিজানুর রহমান দ্বিতীয় সহকারী জজ আদালতে ক্যান্টনমেন্ট বোর্ডকে বিবাদী করে উক্ত দোকানের ব্যাপারে ৩১/২০০২ নং দেওয়ানী মোকদ্দমা দায়ের করেছেন।

১২। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে গত ১২ ফেব্রুয়ারি, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে সি-২২৪ নং দোকানের বরাদ্দ বাতিল করা হয় এবং বিষয়টি ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩ মার্চ, ২০০২ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/সি-২২৪/১১১ নং পত্রের মাধ্যমে বরাদ্দলাভকারী জনাব মোঃ বাবুল মিয়াকে অবহিত করা হয়।

১৩। তখন হতে উক্ত দোকানটি ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে রয়েছে।

**পর্ষদের মতামত**

১। ক্যান্টনমেন্ট বোর্ডের সামরিক কোটায় বরাদ্দকৃত সি-২২৪ নং দোকান সেনা কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে হস্তান্তর করায় অনিয়ম হয়েছে বলে অত্র পর্ষদ মতামত পোষণ করে।

২। ক্যান্টনমেন্ট বোর্ডের দোকানটি দীর্ঘদিন বন্ধ থাকায় বোর্ড তার রাজস্ব আয় থেকে বঞ্চিত হয়েছে বলে অত্র পর্ষদ মতামত পোষণ করে।

৩। নথি পর্যালোচনায় দেখা যায় সংশ্লিষ্ট দোকানের বিষয়ে জনাব এ কে এম মিজানুর রহমান দ্বিতীয় সহকারী জজ আদালতে ক্যান্টনমেন্ট বোর্ডকে বিবাদি করে উক্ত দোকানের ব্যাপারে ৩১/২০০২ নং দেওয়ানী মোকদ্দমা দায়ের করেছেন সুতরাং উক্ত মামলা প্রত্যাহার স্বাপেক্ষে হস্তান্তর এবং নবায়ন ফি পরিশোধ করতঃ জনাব এ কে এম মিজানুর রহমান এর নামে নামজারীর ব্যাপারে অত্র পর্ষদ মতামত পোষণ করে।

**পর্ষদের সুপারিশ**

জনাব এ কে এম মিজানুর রহমান কর্তৃক দায়েরকৃত মামলা প্রত্যাহার স্বাপেক্ষে নবায়ন ফি ১,০০,০০০/-(একলক্ষ টাকা মাত্র) টাকা এবং হস্তান্তর ফি ১,২৫,০০০/-(একলক্ষ পচিশ হাজার টাকা মাত্র) টাকা পরিশোধ করা হলে রজনীগন্ধা সুপার মার্কেটের সি-২২৪ নং দোকানটি তার নামে নামজারী করার জন্য উক্ত পর্ষদ সুপারিশ করে।

সিদ্ধান্ত ঃ গঠিত পর্ষদের সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(ক) গত ১২ ফেব্রুয়ারি, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে সি-২২৪ নং দোকানের বরাদ্দ বাতিলের আদেশ স্থগিত করা হলো।

(খ) দ্বিতীয় সহকারী জজ আদালতে ক্যান্টনমেন্ট বোর্ডকে বিবাদী করে দায়েরকৃত মামলা প্রত্যাহার স্বাপেক্ষে নবায়ন ফি ১,০০,০০০/-(একলক্ষ) টাকা এবং হস্তান্তর ফি ১,২৫,০০০/-(একলক্ষ পঁচিশ হাজার) টাকা পরিশোধ করা হলে রজনীগন্ধা সুপার মার্কেটের সি-২২৪ নং দোকানটি জনাব এ কে এম মিজানুর রহমান এর নামে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-৫*

আলোচ্যসূচী-৭ ঃ স্বাধীনতা সরণির পশ্চিম মাথায় নির্মাণাধীন মার্কেটে দোকান বরাদ্দের জন্য লেঃ কর্ণেল শিরিন বানু (অবঃ) এর আবেদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ স্বাধীনতা সরণির পশ্চিম মাথায় নির্মানাধীন মার্কেটে দোকান বরাদ্দের জন্য ৭ জুলাই, ২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে জনাব খালেকুজ্জামান ৩য় তলা ১নং দোকানের জন্য ১৩,৭৫,০০০/-(তেরলক্ষ পচাত্তর হাজার) টাকা সর্বোচ্চ দর দাখিল করেন যা ভ্যাট ও আয়করসহ ১৬,৫০,০০০/-(ষোললক্ষ পঞ্চাশ হাজার) টাকা হয়। পরবর্তীতে জনাব খালেকুজ্জামান ১৭ এপ্রিল, ২০১০ তারিখের আবেদনে উক্ত দোকানটি গ্রহণে অপারগতা প্রকাশ করেন। বিষয়টি ২৯ জুলাই, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৩ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে। অপরদিকে ১১ আগস্ট, ২০১০ তারিখে লেঃ কর্ণেল শিরিন বানু (অবঃ) উক্ত দোকানটি ইতোপূর্বে প্রদত্ত সর্বোচ্চ দর ভ্যাট ও আয়করসহ ১৬,৫০,০০০/-(ষোল লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় ইজারা গ্রহণ করার আগ্রহ প্রকাশ করেছেন।

সিদ্ধান্ত ঃ দরপত্র আহ্বান করে বিধি মোতাবেত বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহরে নীতিমালা প্রসংগে।

আলোচনা ঃ গত ২৩ জুন,২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৫ বিবিধ(৩) এর অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটে জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের শর্তাবলী বোর্ডসভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য নিম্নে পেশ করা হলো ঃ-

১। শব্দবিহীন অর্থ্যাৎ সাউন্ডলেস জেনারেটর ব্যবহার করতে হবে।
২। জেনারেটর থেকে যাতে কালো ধোঁয়া নির্গত না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।
৩। বিদ্যুৎ না থাকলেই শুধুমাত্র জেনারেটর ব্যবহার করা যাবে।
৪। জেনারেটর ক্যাপাসিটি অনুযায়ী গ্রাহক কানেকশন রাখতে হবে।
৫। কোন্ কোন্ দোকানে জেনারেটর ব্যবহার করা হবে তা রজনীগন্ধা সুপার মার্কেটের মাষ্টার প্ল্যানে/নকশায় উল্লেখপূর্বক সার্কিট ডায়াগ্রাম প্রদর্শন করতে হবে।
৬। যত্রতত্র জেনারেটর বসানো যাবেনা। ক্যান্টনমেন্ট বোর্ডের মনোনীত প্রকৌশলী কর্তৃক প্রদর্শিত স্থানে (১৫×১৫) জেনারেটর স্থাপন করতে হবে।
৭। কোন প্রকার দূর্ঘটনা ঘটলে এর দায়দায়িত্ব জেনারেটর চালানোর জন্য অনুমতি প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
৮। জেনারেটর স্থাপনের কারণে কোন দোকান যাতে ক্ষতিগ্রস্থ না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখেতে হবে। কোন অভিযোগ পাওয়া গেলে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেয়া হবে। প্রয়োজন বোধে জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের কার্যক্রম বন্ধ করে দেয়া হবে।
৯। জেনারেটর লাইন সুবিন্যস্তভাবে টানতে হবে। যত্রতত্রভাবে লাইন টেনে রজনীগন্ধা সুপার মার্কেটের সৌন্দর্য নষ্ট করা যাবেনা এবং কুন্ডলী পাকানো অবস্থায় তার রাখা যাবে না।
১০। প্রতি মাসে গ্রাহক সংখ্যার তালিকা প্রদান করতে হবে এবং জেনারেটর চালানোর জন্য ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রতি দোকান/পয়েন্টের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা হারে পরিশোধ করতে হবে।
১১। বোর্ড কর্তৃক নির্ধারিত হারে সংযোগ ফি আদায় করতে হবে। নির্ধারিত হারের চেয়ে বেশী ফি আদায়ের অভিযোগ পাওয়া গেলে অনুমতি পত্র বাতিল করা হবে।
১২। যে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এই অনুমতি পত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত নীতিমালা প্রতিপালন সাপেক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটে জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৬

আলোচ্যসূচী-৯ ঃ গত ১৫ এপ্রিল, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩২ বিবিধ(৫) এর সিদ্ধান্তের আলোকে রজনীগন্ধা সুপার টাওয়ার এর নিচতলার দোকান নং-১১, ১৩ ও ১৬ নং দোকানের বিপরীতে প্রাপ্ত দর মূল্যায়নের জন্য গঠিত কমিটির প্রতিবেদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উপর্যুক্ত বিষয়ে গঠিত কমিটি একটি প্রতিবেদন দাখিল করেছেন যা নিম্নরূপ ঃ-

রজনীগন্ধা সুপার মার্কেটের শাপলা চত্বরের উত্তর পার্শ্বে নির্মাণাধীন "রজনীগন্ধা টাওয়ারে' ৯২ টি দোকান বরাদ্দের জন্য দৈনিক প্রথম আলো, দৈনিক ইত্তেফাক ও দৈনিক নিউ এইজ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ০৮/৪/২০১০ তারিখে দরপত্র আহবান করা হয়। নিচ তলার ১৪৪.৭৯ বর্গফুট বিশিষ্ট ১১ নং দোকানের জন্য প্রতি বর্গফুট ১৬,৫৭৬.৪২ টাকা হিসেবে সৈয়দা নাজনীন তালেব মোট ২৪,০০১০০/-(চব্বিশ লক্ষ একশত) টাকার একটি দরপত্র দাখিল করেন। উক্ত তলার ১৪১.৮৯ বর্গফুট বিশিষ্ট ১৩ নং দোকানের জন্য জনাব মোঃ মোতাহার হোসেন প্রতি বর্গফুট ১৬,৮০০/- টাকা হিসেবে মোট ২৩,৮৩,৭৫২/-(তেইশ লক্ষ তিরাশি হাজার সাতশত বায়ান্ন) টাকার দর দাখিল করেন। প্রকাশ থাকে যে, উক্ত ১৩ নং দোকানের জন্য ০২ টি দরপত্র পাওয়া গিয়েছে। নিচতলার ১৪৬.৭১ বর্গফুট বিশিষ্ট ১৬ নং দোকানের জন্য জনাব মোঃ মোতাহার হোসেন রনি প্রতি বর্গফুট ১৬,৫০০/- টাকা হিসেবে মোট ২৪,২০,৭১৫/-(চব্বিশ লক্ষ বিশ হাজার সাতশত পনের) টাকার দর দাখিল করেন।

"রজনীগন্ধা টাওয়ারের" নিচ তলার অন্যান্য দোকানের চেয়ে উল্লেখিত ০৩ টি দোকানের প্রদত্ত দর তুলনামুলকভাবে কম হওয়ায় গত ১৫/৪/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-৩২ বিবিধ (৫) এর "ক" সিদ্ধান্তে একটি ইভালুয়েশন কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক বিষয়টি যাচাই-বাছাই ও পর্যালোচনা করা হয়। পর্যালোচনা কালে দেখা যায় রজনীগন্ধা টাওয়ারের নিচ তলার অন্যান্য দোকানের তুলনায় উক্ত ১১, ১৩, ও ১৬ নং দোকানের প্রদত্ত দর কম ।

উপরোক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে কমিটি রজনীগন্ধা টাওয়ারের নিচ তলার ১১, ১৩, ও ১৬ নং দোকান ০৩ টি পুনরায় বিজ্ঞপ্তির মাধ্যমে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সুপারিশ করছে।

সিদ্ধান্ত ঃ কমিটির সুপারিশ মোতাবেক রজনীগন্ধা টাওয়ার এর নিচ তলার ১১, ১৩, ও ১৬ নং দোকান ইজারার নিমিত্তে পুনরায় দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার এর ৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণ ও লীজ প্রদান বিষয়ে নীতিমালা প্রণয়ন প্রসংগে।

আলোচনা ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে ৪র্থ তলা পর্যন্ত নির্মাণ কাজ সমাপ্ত হওয়ার পথে। মূল নকশায় ৫ম ও ৬ষ্ঠ তলা বাণিজ্যিক স্পেস হিসাবে রাখা হয়েছে। কিন্তু কোন সুনির্দিষ্ট আকার (sise) উল্লেখ করা হয়নি। তাই বাণিজ্যিক নকশা হিসাবে ব্যবহার করতে হলে বিভিন্ন আকারের স্পেস সম্বলিত নূতন নকশা ও মূল্যানুমান তৈরী করা আবশ্যক। অধিকন্তু উক্ত বাণিজ্যিক স্পেসসমূহ কিভাবে ভাড়া/লীজ প্রদান করা হবে এবং ৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণের ব্যয় কিভাবে সংগ্রহ করা হবে সে বিষয়ে নীতিমালা প্রণয়ন আবশ্যক।

সিদ্ধান্ত ঃ ক. ৫ম ও ৬ষ্ঠ তলা বাণিজ্যিক স্পেস হিসাবে ব্যবহারের জন্য ৫০০.০০ বর্গফুট থেকে ২০০০.০০ বর্গফুট পর্যন্ত বিভিন্ন আকারের একাধিক স্পেস সম্বলিত একটি সংশোধিত নকশা ও মূল্যানুমান প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

খ. বাণিজ্যিক স্পেসসমূহ ভাড়া/লীজ প্রদান এবং নির্মাণ ব্যয় সংগ্রহের জন্য একটি নীতিমালা প্রণয়নের জন্য ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হয়।

আলোচ্যসূচী-১১ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ সামরিক কোটার এ-৭৯ নং দোকান হস্তান্তর প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের এ/৭৯ নং সামরিক কোটার দোকানটির বরাদ্দ সূত্রে মালিক নায়েক (অবঃ) মোঃ শাহজাহান ভূঁইয়া। তিনি বহুদিন পূর্বেই জনাব মোঃ সিরাজুল হক, পিতা মৃত- আলীম উদ্দিন, গ্রাম-রামভদ্র, পোঃ বামনডাঙ্গা, উপজেলা- সুন্দরগঞ্জ, জেলা- গাইবান্ধা-কে আম মোক্তার নিযুক্ত করেছেন। এরপর থেকেই তিনি দোকানটি পরিচালনা করে আসছেন। বর্তমানে উক্ত মোঃ সিরাজুল হক অসুস্থ হওয়ায় চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য মোছাঃ জাহানারা আহমেদ, স্বামী- মোঃ শামীম আহমেদ, রোড নং- ১৪, বাসা নং-২২, ব্লক-বি, সেকশন - ১১, মিরপুর, পল্লবী, ঢাকা- ১২১৬ এর নিকট উক্ত এ/৭৯ নং দোকানটি হস্তান্তরের অনুমতির জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ সামরিক কোটার এ-৭৯ নং দোকানটি মানবিক কারণে হস্তান্তর করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ ঃ রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদ এর দোতলায় অবস্থিত মোহাম্মাদিয়া আরাবিয়া হাফিজিয়া মাদ্রাসা ও ইয়াতিমখানাটি ৩১ আগস্ট, ২০১০ তারিখের মধ্যে সরিয়ে নেয়া প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন মসজিদটি দোতলা বিশিষ্ট। উক্ত মসজিদের দোতলায় মোহাম্মদীয়া আরাবীয়া হাফিজিয়া মাদ্রাসা ও ইয়াতীমখানা আছে। কিন্তু মাদ্রাসা ও ইয়াতীমখানাটি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত নয়। দীর্ঘদিন যাবৎ ক্যান্টনমেন্ট বোর্ডের মসজিদে উক্ত মাদ্রাসা পরিচালিত হলেও ক্যান্টনমেন্ট বোর্ডের কোন নিয়ন্ত্রণভার ছিল না। উল্লেখিত মাদ্রাসা ইয়াতীমখানা কমিটির বিভিন্ন অনিয়ম সম্পর্কে গত ০৯/০২/২০১০ তারিখে লিখিত অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগ পত্রটি গত ২৮/২/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী- ১০ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড ০৪ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করে। উক্ত কমিটি বিষয়টি সরেজমিনে তদন্ত করে ১৫/৩/২০১০ তারিখে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কমিটির প্রতিবেদন ১৫/৪/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৬ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ-

*"স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুষ্ঠভাবে মাদ্রাসা পরিচালনার স্বার্থে দীর্ঘ দিনের বিদ্যমান কমিটি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে। উক্ত মাদ্রাসার নামে বিভিন্ন ব্যাংকে যে অর্থ গচ্ছিত আছে তা যেন উত্তোলন করতে না পারে এ বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজারকে অবহিত করা হক। সমাজের দানশীল ব্যক্তি ০২ (দুই) জন, রজনীগন্ধা সুপার মার্কেটের ০৫ (পাঁচ) জন বিশিষ্ট ব্যবসায়ী, ক্যান্টনমেন্ট বোর্ডের রেভিনিউ অফিসার, এবং রজনীগন্ধা সুপার মার্কেট মসজিদের ইমাম এর সমন্বয়ে একটি এডহক কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কমিটি পুরাতন কমিটির নিকট হতে যাবতীয় আয়-ব্যয়ের হিসাবসহ সম্পূর্ণ দায়িত্বভার গ্রহণ করবেন। এডহক কমিটিকে সার্বিকভাবে সহযোগিতা প্রদান করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদকে অনুরোধ করা হলো।"*

তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ০৪/৫/২০১০ তারিখের ২২৮ নং অফিস আদেশে পুরাতন কমিটি বাতিল করে অস্থায়ী ভিত্তিতে একটি এডহক কমিটি গঠন করা হয়। পরবর্তীতে অত্র দপ্তরের ০৯/৫/২০১০ তারিখের ঢাকাক্যাবো/রঃগঃসুঃমাঃ/মোঃহাঃমাঃ/৫৯ নং পত্রে সাবেক কমিটিকে ১০/৫/২০১০ তারিখের মধ্যে আয়-ব্যয়ের যাবতীয় হিসাবসহ সমস্ত কাগজপত্রাদি নতুন কমিটির নিকট হস্তান্তর করার জন্য অনুরোধ করা হয় কিন্তু অদ্যাবধি উক্ত দায়িত্ব নতুন কমিটির নিকট হস্তান্তর করা হয়নি অধিকন্তু উক্ত মাদ্রাসা কমিটির সাবেক সভাপতি ১০/৬/২০১০ তারিখের এক পত্রে জানান যে, মাদ্রাসাটি বর্তমান স্থানে থাকায় কোন অসুবিধা হলে ০২(দুই) মাস সময় দিয়ে মাদ্রাসা অন্যত্র সরিয়ে নিতে প্রস্তুত আছেন। বিস্তারিত পর্যালোচনান্তে মাদ্রাসাটি অন্যত্র সরিয়ে নেয়ার বিষয়ে সভায় সর্বসম্মতভাবে মত প্রকাশ করা হয়।

চলমান পাতা-৮

গত ২৩/৬/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১১ এর মাধ্যেমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

*"রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জামে মসজিদের দোতালায় অবস্থিত মোহাম্মাদিয়া আরাবিয়া হাফিজিয়া মাদ্রাসা ও ইতিমখানা কমিটির অভিপ্রায় মোতাবেক মাদ্রাসাটি ৩১/৮/২০১০ তারিখের মধ্যে অন্যত্র সরিয়ে নেয়ার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।"*

তৎপ্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৪/০৬/২০১০ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/মোঃহাঃমাঃ/১/৯০ নং পত্রের মাধ্যমে মোহাম্মাদিয়া আরাবিয়া হাফিজিয়া মাদ্রাসা ও ইতিমখানা অন্যত্র সরিয়ে নেয়ার জন্য কমিটিকে অনুরোধ করা হয়। সরেজমিনে দেখা গিয়েছে যে, উক্ত মাদ্রাসাটি এখনও অন্যত্র সরিয়ে নেয়া হয়নি এবং মাদ্রাসাটি বর্তমান স্থানে রেখে তাঁদের অধীনে পরিচালনার করার জন্য গত ০২ আগস্ট, ২০১০ তারিখে পুনরায় আবেদন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ মাদ্রাসা পরিচালনা কমিটির আবেদনের প্রেক্ষিতেই মাদ্রাসাটি ৩১ আগস্ট, ২০১০ তারিখের মধ্যে অন্যত্র সরিয়ে নেয়ার জন্য বোর্ডসভায় সিদ্ধান্ত গৃহীত হয় বিধায় কমিটির ০২ আগস্ট, ২০১০ তারিখের আবেদনটি বিবেচনা করা হলো না এবং উক্ত মাদ্রাসাটি আগামী ১৫ সেপ্টেম্বর, ২০১০ তারিখের মধ্যে রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদ হতে অন্যত্র সরিয়ে নিতে হবে।

আলোচ্যসূচী-১৩ ঃ রজনীগন্ধা সুপার মার্কেট কমিটি নির্বাচন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের সহযোগী কমিটির মেয়াদ ২০ জুন, ২০০৯ তারিখে উত্তীর্ণ হয়ে যাওয়ায় উক্ত কমিটির মেয়াদ ৩১ আগস্ট, ২০০৯ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় মার্কেটের উন্নয়নমূলক কর্মকাণ্ড তদারকির ব্যাপারে পুর্নাংগ নির্বাচিত কমিটি না হওয়া পর্যন্ত গত ১৭/১১/২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-৩৫ এর গৃহীত সিদ্ধান্ত ক্রমে ০৩ (তিন) মাসের জন্য এডহক কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির মেয়াদ উত্তীর্ণের পর ৩১/৫/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১১ এর মাধ্যেমে সেপ্টেম্বর, ২০১০ পর্যন্ত এডহক কমিটির মেয়াদ পুনরায় বৃদ্ধি করা হয়েছে। রজনীগন্ধা সুপার মাকেটের বর্তমান এডহক কমিটির মেয়াদ আরো ০৩(তিন) মাস বৃদ্ধির বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বর্তমান এডহক কমিটির মেয়াদ ডিসেম্বর, ২০১০ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ ঃ ঢাকা সেনানিবাস এলাকায় এটিএম বুথ স্থাপনের ট্রেড লাইসেন্স ফি নির্ধারণ প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাস এলাকায় এটিএম বুথ স্থাপনের ব্যাপারে ৩১ মে, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-২৮ বিবিধ (১০) এর মাধ্যমে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত হয় ঃ-

*"সেনানিবাস এলাকায় এটিএম বুথ স্থাপনের জন্য প্রতিটি বাণিজ্যিক ব্যাংককে ক্যান্টনমেন্ট বোর্ডে এককালীন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ফি দিয়ে অনুমতি সংগ্রহ করতে হবে। এছাড়া জমির ভাড়া মাসিক প্রতি বর্গফুট ট্রাষ্ট ব্যাংক লিঃ এর জন্য ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, অস্থায়ীভাবে বরাদ্দকৃত স্থানে ব্যাংক কর্তৃপক্ষকে সম্পূর্ণ নিজ খরচে অবকাঠামো নির্মাণ করতে হবে এবং বোর্ডের প্রয়োজনে ৩০ (ত্রিশ) দিনের নোটিশে তা অপসারন করতে হবে।"*

সেনানিবাস এলাকায় এটিএম বুথ স্থাপনের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স ফি নির্ধারণ করা হয়নি। আলোচনায় আরো জানা যায় যে, ১৯২৪ সালের ক্যান্টনমেন্টস্ এ্যাক্টের বিধান মোতাবেক সেনানিবাস এলাকায় যে কোন বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করতে হলে ক্যান্টনমেন্ট বোর্ড হতে ট্রেড লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। তাই এটিএম বুথ স্থাপনের জন্যও ক্যান্টনমেন্ট বোর্ড হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাস ও এর আওতাধীন এলাকায় এটিএম বুথ স্থাপন করার পূর্বে ক্যান্টনমেন্ট বোর্ড হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ফি পরিশোধ সাপেক্ষে একটি ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে যা বৎসরান্তে নবায়নযোগ্য।

*চলমান পাতা-৯*

আলোচ্যসূচী-১৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিএ-১৭৭০ কর্ণেল হোসাইন ফারুক, পিএসসি | ২৯৬ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (২) | বিএ-১৮৩৯ ব্রিগেঃ জেনাঃ (অবঃ) শহীদ মোস্তফা কামাল | ৪৮২ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৩) | বিএ-১৮৫৩ মেজর জেনাঃ আশরাফ আব্দুল্লাহ ইউসুফ | ৬৮৪ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৪) | জনাব মোঃ আনিসুর রহমান | ৩৯৫ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৫) | বিএসএস-১১২১ মেজর কাজী মাজেদুর রহমান (অবঃ) | ৪১৭ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৬) | বিএসএস-১৬০৩ লেঃ কর্ণেল মোঃ গোলাম মাওলা | ১৩৩ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৭) | মিসেস হাশমা আজিজ গং<br>স্বামী- মরহুম কমান্ডার (অবঃ) আজিজুল হক | ৬৩৪ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৮) | বিডি-৭০৫৬ গ্রুপ ক্যাপ্টেন এস এম কলিমুল্লাহ (অবঃ) | ৭৩৩ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৯) | বিএ-১০০২৪২ ব্রিগেঃ জেনাঃ বজলে কাদের, এমএমসি | ৭৩৫ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (১০) | বিএ-১৯৮২ ব্রিগেঃ জেনাঃ মির্জা ইকবাল হায়াত | ৫৮৩ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১১) | বিএ-১৮৩৬ মেজর জেনাঃ এ টি এম শহীদুল ইসলাম | ৫৮৫ | | |
| (১২) | বিএ-২০৭৫ লেঃ কর্ণেল আ ক ম বায়েজীদ | ৬৯৮ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৩) | বিএ-১৫২১ ব্রিগেঃ জেনাঃ ডি এস শওকত রাজা | ২২১ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৪) | মিসেস সেলিনা মোস্তফা<br>স্বামী- রিয়ার এডমিরাল এ এ মুস্তফা, পিএসসি, বিএন | ১৬৯ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (পুরাতন দোতলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৫) | মিসেস রোকেয়া ইসলাম গং | বি/১৪৬ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (পুরাতন ৩ তলা ভবন ভেঙ্গে নতুন ৬ তলা ভবন নির্মাণ) |
| (১৬) | পি নং-৫৪ ক্যাপ্টেন মোঃ আব্দুল বাসেত (অবঃ) | ৪৬৯ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (পুরাতন ৪ তলা ভবন ভেঙ্গে নতুন ৬ তলা ভবন নির্মাণ) |
| (১৭) | বিএসএস-৫৫৭ লেঃ কর্ণেল মোঃ সারোয়ার হোসেন শেখ (অবঃ) | ৩৬২ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৫ (পাঁচ) তলা ভবন (৪র্থ তলার উপর ৫ম তলা নির্মাণ) |
| (১৮) | জনাব ফিরোজ আহমেদ গং | সিবি-২৮৭/১ | মৌজা-লালাসরাই, সিএস দাগ নং-৪২ (অংশ), কচুক্ষেত পুরান বাজার এলাকা | সংশোধিত ০৬ (ছয়) তলা আবাসকি ভবন (বিদ্যমান ০৬ তলা ভবনের বর্ধিত) |
| (১৯) | জনাব মাহমুদুর রহমান বাবু | - | সিএস-১০২ (অংশ) মৌজা- লালাসরাই | ০৬ (ছয়) তলা নতুন আবাসিক ভবন নির্মাণ |
| (২০) | বেগম কানিজ ফাতেমা গং | ৫৬ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (সেটব্যাক সংশোধন) |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ২০ (বিশ) টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে। তবে ক্রমিক নং-১৮, ১৯ ও ২০ এ উল্লেখিত নকশা ০৩টির সম্মুখস্থ রাস্তার প্রশস্ততা ১৬´ - ০´´ আছে কি না তা সরেজমিনে যাচাই করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ থেকে ১৭ এ উল্লেখিত মোট ১৭ (সতের) টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, ক্রমিক নং-১৪, ১৫, ১৬ ও ১৭ এ উল্লেখিত ০৪ (চার) টি নকশা অনুমোদনের ক্ষেত্রে নির্ধারিত হারে রাস্তার ক্ষতিপূরণ আদায় করতে হবে। ক্রমিক নং-১৮, ১৯ ও ২০ এ উল্লেখিত নকশা প্রস্তাবিত মাষ্টার প্ল্যান অনুমোদনের পর সরেজমিনে পরিদর্শনপূর্বক বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

চলমান পাতা-১০

আলোচ্যসূচী-১৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার সিএস-৪৩, ৪৪, ৪৫, ৪৬, ও ৪৭ নং প্লটে ০২ (দুই) টি বেসমেন্ট ফ্লোরসহ রাওয়া ক্লাবের ১২ তলা ভবন নির্মাণের নকশা অনুমোদনের ব্যাপারে ২২ আগস্ট, ২০১০ তারিখের রাওয়া/আরসি/৭-০১/২০১০ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা এর ১৭ আগস্ট, ২০১০ তারিখের ১২-১০/২০০১/জি-৯/৩৭৬ নং পত্রের মাধ্যমে রাস্তার লেভেল হতে ১৫০ (একশত পঞ্চাশ) ফুট উচ্চতা পর্যন্ত বেসমেন্ট ফ্লোরসহ নির্মাণ করার অনুমোদন পাওয়া গেছে। ইতোপূর্বে ৬ (ছয়) তলা ভবনের অনুমোদন দেয়া হয়েছিল।

সিদ্ধান্ত ঃ বাণিজ্যিক হারে ফি আদায়পূর্বক বেসমেন্টসহ ১২ তলা ভবনের সংশোধিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্‌, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস এর শিশু পার্কের খেলনা সামগ্রী মেরামত ও রংকরণ কাজ। | ৩০,১০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। |
| (২) | রজনীগন্ধা সুপার মার্কেট সাব-স্টেশন হতে পার্কের পশ্চিম পার্শ্বের দোকানের জন্য নতুন করে ৩ ফেজ ক্যাটেনারী লাইন স্থাপন কাজ। | ৬২,২৫৭/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। |
| (৩) | মহাখালী ডিওএইচএস এলাকায় নির্মিতব্য অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর ব্রোশিওয়র ছাপানো কাজ। | ৭৯,৬০০/- টাকা (বাজার দর) | বোর্ড ফান্ড |
| (৪) | মিরপুর ডিওএইচএস এলাকায় নির্মিতব্য কমার্শিয়াল/অফিস কমপ্লেক্স এর ব্রোশিওর ছাপানো প্রসংগে। | ১,১৯,০২৫/- টাকা (বাজার দর) | বোর্ড ফান্ড |
| (৫) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পিছনে রাস্তা বরাবর দক্ষিণ পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ৯৮,২৬৮/- টাকা | বোর্ড ফান্ড<br>ঘটনোত্তর অনুমোদন |
| (৬) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের স্টাফ কোয়ার্টারের আন্ডার গ্রাউন্ড বিদ্যুৎ লাইনের ত্রুটি দেখায় ৪×২৫ এম এম² ক্যাবল দ্বারা নতুন করে আন্ডার গ্রাউন্ড ক্যাবল লাইন স্থাপন কাজ। | ১,৯৮,৭৬৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৭) | রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার এলাকার খালি জায়গাসমূহ শিশুদের খেলার মাঠ/শিশু পার্ক তৈরীর জন্য ০৩টি স্পটে ভিটি বালু ভরাট কাজ। | ১৬,৪২,৩০৫/- টাকা | অনুদন/বোর্ড ফান্ড |
| (৮) | রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের পুরাতন পানির পাম্প পরিবর্তন করে ১.৫ হর্স পাওয়ারের নতুন পাম্প স্থাপনসহ মাইকের জন্য ১২ ভোল্টের ব্যাটারী ও মাইক্রোফোন সরবরাহকরণ। | ৪০,০০০/- টাকা (বাজার দর) | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/ডি-৬ নং বাসার বাথরুম মেরামত ও রংকরণ কাজ। | ২৪,৭৩৬/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১০) | জিয়া কলোনী হতে আইএসএসবি পর্যন্ত রাস্তায় ৪টি স্পীড ব্রেকার নির্মাণ কাজ। | ৮৯,৪১১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১১) | বারিধারা ডিওএইচএস এলাকার ৫ নং রোডের পশ্চিম মাথা হতে ১৩ নং রোডের পশ্চিম প্রান্ত পর্যন্ত ক্যানেলের পূর্ব পার্শ্বে ফুটপাতের উপর পিসিসি ঢালাইকরণ। | ৬,৪৬,৮৪৩/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১২) | বারিধারা ডিওএইচএস এলাকার নির্মাণাধীন কনভেনশন সেন্টারের পূর্ব কর্ণার হতে ১৬৪ নং প্লট পর্যন্ত পাইপ ড্রেন নির্মাণ (ডায়া ১´ - ৬´´)। | ৪,১৭,৫৭৫/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৩) | বারিধারা ডিওএইচএস এলাকার নির্মাণাধীন কনভেনশন সেন্টারের উত্তর এবং দক্ষিণ পার্শ্বে এপ্রোচ রোড নির্মাণ। | ২৮,৪৪,৪৮১/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৪) | রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার এলাকার খোলা মাঠসমূহ শিশুদের খেলার মাঠ/শিশু পার্ক তৈরী করার নিমিত্তে ভিটি বালু ভরাট করণ কাজ। | ১৬,৪২,৩০৫/- টাকা | অনুদান/বোর্ড ফান্ড<br>ঘটনোত্তর অনুমোদন |
| (১৫) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-১৯/এ মেরামতসহ কার্পেটিং কাজ। | ১৩,৬৩,৫৪০/- টাকা | সংশ্লিষ্ট ডিওএইচএস এর অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ দ্বারা। |
| (১৬) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-১৯/বি মেরামতসহ কার্পেটিং কাজ। | ১৪,৩৬,৭৬৯/- টাকা | -ঐ- |
| (১৭) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-১৯/সি মেরামতসহ কার্পেটিং কাজ। | ১১,৪৪,৩৪০/- টাকা | -ঐ- |
| (১৮) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-২০ এর প্লট নং-২৭৩ হতে ২৭৬ পর্যন্ত রাস্তা মেরামতসহ কার্পেটিং কাজ। | ৯,৬৯,৮৭৬/- টাকা | -ঐ- |
| (১৯) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-১৮ মেরামতসহ কার্পেটিং কাজ। | ৮,৫২,৮০২/- টাকা | -ঐ- |
| (২০) | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-১৯ মেরামতসহ কার্পেটিং কাজ। | ৫,৯৬,৬৮৯/- টাকা | -ঐ- |
| (২১) | সেনানিবাসের বিভিন্ন শিশু পার্কে নতুন খেলনা সামগ্রী সংযোজন ও পুরাতন খেলনা মেরামত ও রংকরণ। | ৪০,০০,০০০/- টাকা | অনুদান/বোর্ড ফান্ড |

*চলমান পাতা-১১*

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত মূল্যানুমানগুলো এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ২১ (একুশ) টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-১, ২, ৬ ৮, ৯ ও ১০ এ বর্ণিত কাজের জন্য দরপত্র/কোটেশন আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট কাজগুলোর মূল্যানুমান অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৮ ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১০ উপলক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বাস স্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, ট্যাংক, গাছের গোড়া, পার্ক, সাইন বোর্ড এবং সিভিল এভিয়েশন হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ডিভাইডার পেইন্টিং/চুনকামকরণ। | ১,২৫,৩৭৫/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (২) | ১৩ এমপি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আরআইএসডির বাসস্ট্যান্ড এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া, ডিভাইডার ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৬৩,৩০৫/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৩) | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রংকরণসহ সাইন বোর্ড লেখার কাজ। | ১,২৯,০০০/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৪) | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, এয়ার হাউসের নিকটস্থ পার্ক, জিআই পাইপের রেলিং, ডিভাইডার, টিএন্ডটি বক্স, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ১,৪৮,৭১৫/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৫) | শিখা অনির্বাণের সম্মুখের ফুটপাত, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব, গম্বুজ ও ওভারহেড ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামত ও রংকরণ। | ৯৭,২২৩/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৬) | পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, ফুলের ড্রাম/চারী, টিএন্ডটি বক্স, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল, গাছের গোড়া ও সাইন বোর্ড মেরামতসহ রংকরণ কাজ। | ১,০৬,৬৫৬/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৭) | সেনাকুঞ্জ হতে স্টাফ রোড পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট ও ছাতা মেরামত, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৪৬,৩৪৬/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৮) | স্টাফ রোড হতে পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, সমুন্নত স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ ট্যাংক, কামান রংকরণ। | ৬৯,৫০৫/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (৯) | স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৬৩,৬৮৭/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১০) | সিএমএইচ হতে সিগন্যাল গেইট পর্যন্ত সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, ফুটপাতের স্ল্যাব, গাছের গোড়া, সাইন বোর্ড ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৫৯,৭৮২/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১১) | রোড মার্কিং কাজের জন্য বার্জার পেইন্ট কোম্পানী হতে কোম্পানীর দরে ১৫০ গ্যালন সাদা এবং ৩০ গ্যালন হলুদ রোড মার্কিং পেইন্ট এবং জেনসলিন থিনার (টি-৪) ৪০ গ্যালন ক্রয়করণ। | ৩,৭২,০২০/- টাকা | রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১২) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে মেশিনের সাহায্যে রোড মার্কিংকরণ। | ১,৫০,০০০/- টাকা | রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৩) | শহীদ সরণিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ), সিগন্যাল পোল রংকরণ এবং বৈদ্যুতিক স্যুইচ বোর্ড পেইন্টিংকরণ। | ৭২,৪৭৪/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৪) | শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা হতে সিগন্যাল গেইট পর্যন্ত নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ) এবং সিগন্যাল পোল পেইন্টিংকরণ। | ৮১,০০৮/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সশস্ত্র বাহিনী দিবস-২০১০ উপলক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত মূল্যানুমানগুলো এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ১৪ (চৌদ্দ) টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১২

আলোচ্যসূচী-১৯ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/ডি স্টাফ কোয়ার্টারের পানির সমস্যা দূরীকরণের জন্য জিআই পাইপ দ্বারা নতুন করে পানির লাইন স্থাপন কাজ। | ২৩,৬০৯/- টাকা | মেসার্স জে ইউটিলিটি কোং | ২৪,৭৬৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২) | মিরপুর ডিওএইচএস এলাকার অফিস কাম শপিং কমপ্লেক্স এর নিয়ন সাইন বোর্ড সরবরাহ ও স্থাপন। | ১,৯৩,২৩৯/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ২,০২,৬৪৯/৭৩ টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৩) | সেনানিবাসের নিরাপত্তা ও অনধিকার প্রবেশ রোধকল্পে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পশ্চিম পার্শ্বে কাঁটা তারের বেড়া ও সীমানা দেয়াল সংলগ্ন স্থানে মাটি ভরাট কাজ। | ৪৯,০৬১/- টাকা | মেসার্স ফারসিয়া ট্রেডিং কোং | ৪৯,০৬১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৪) | শহীদ সরণির সংলগ্ন পোষ্ট অফিস বাস স্টপ (সাবেক বাতেন ফিলিং স্টেশন) এর মধ্যে সৃষ্ট গর্ত মেরামত কাজ। | ২৭,৫৬৭/- টাকা | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ২৭,৫৬৭/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৫) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণির সংযোগ স্থল এবং সংযোগ স্থল হতে উত্তর দিকে ক্ষতিগ্রস্থ স্থানসহ শহীদ সরণি/স্বাধীনতা সরণির অন্যাণ্য স্থানে পটহোল মেরামত ও কার্পেটিং এবং সীলকোটকরণ। | ১,৯৮,৯১৯/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ১,৯৮,৯১৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৬) | সদর দপ্তর ডিজিএফআই এর ১৪ তলা অফিস সংলগ্ন 'এ' ব্লকে কার পার্কিং নির্মাণ কাজ। | ৩২,৯৬,৯৭৫/০০ | মেসার্স সন্ধানী বিল্ডার্স | ৩১,৩২,১২৬/২৫ টাকা | বোর্ড ফান্ড |
| (৭) | বারিধারা ডিওএইচএস এর অনন্যা শপিং কমপ্লেক্স হতে বারিধারা গেইট পর্যন্ত রাস্তার পূর্ব পার্শ্বে ফুটপাত নির্মাণ কাজের | ৭,৬৯,৬০১/০০ | মেসার্স রনি এন্টারপ্রাইজ | ৭,৩১,১২০/৯৫ টাকা | সংশ্লিষ্ট ডিওএইচএস এর উন্নয়ন তহবিল |
| (৮) | বারিধারা ডিওএইচএস এলাকায় মসজিদের সম্মুখে পুকুরটির পাড় রক্ষার জন্য ড্রাম সীট দিয়ে প্যালাসাইডিং করণ কাজ। | ৩,৩৪,৭৮৪/০০ | মেসার্স এক কনস্ট্রাকশন ১৫৬/৫, মাটিকাটা, ঢাকা ক্যান্ট। | ৩,১৮,০৪৪/৮০ টাকা | সংশ্লিষ্ট ডিওএইচএস এর উন্নয়ন তহবিল |
| (৯) | সেনানিবাসের নিরাপত্তা ও অনধিকার প্রবেশ রোধকল্পে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পশ্চিম পার্শ্বে কাটা তারের বেড়া স্থাপন ও সীমানা দেয়াল সংলগ্ন স্থানে মাটি ভরাট করণ কাজ। | ৪৯,০৬১/০০ | মেসার্স ফারসিয়া ট্রেডিং কোং | ৪৯,০৬১/৭১ টাকা | মেরামত ও রক্ষনাবেক্ষণ |
| (১০) | শহীদ সরণি সংলগ্ন পোস্ট অফিস বাসস্টপ (সাবেক বাতেন ফিলিং স্টেশন) এর মধ্যে সৃষ্ট গর্ত মেরামত কাজ। | ২৭,৫৬৭/০০ | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ২৭,৫৬৭/০০ টাকা | মেরামত ও রক্ষনাবেক্ষণ |
| (১১) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণির সংযোগস্থল এবং সংযোগ স্থল হতে উত্তর দিকে (পশ্চিম লেন) এবং শহীদ সরণি ও স্বাধীনতা সরণির অন্যান্য স্থানে পটহোল মেরামত, কার্পেন্টিং ও সীলকোট পেইন্টিং করণ কাজ। | ১,৯৮,৯১৯/০০ | মেসার্স মনির এন্ড কোং | ১,৯৮,৯১৯/০০ টাকা | মেরামত ও রক্ষনাবেক্ষণ |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluaiton Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনান্তে অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

*চলমান পাতা-১৩*

সিদ্ধান্ত ঃ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | অনুমোদিত দর | মন্তব্য |
|---|---|---|
| ১ | ২৪,৭৬৫/- টাকা | |
| ২ | ২,০২,৬৪৯/৭৩ টাকা | |
| ৩ | ৪৯,০৬১/- টাকা | |
| ৪ | ২৭,৫৬৭/- টাকা | |
| ৫ | ১,৯৮,৯১৯/- টাকা | |
| ৬ | ৩১,৩২,১২৬/২৫ টাকা | |
| ৭ | ৭,৩১,১২০/৯৫ টাকা | |
| ৮ | ৩,১৮,০৪৪/৮০ টাকা | |
| ৯ | ৪৯,০৬১/৭১ টাকা | |
| ১০ | ২৭,৫৬৭/০০ টাকা | |
| ১১ | ১,৯৮,৯১৯/০০ টাকা | |

আলোচ্যসূচী-২০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | মুসলিম মডার্ণ একাডেমীর শ্রেণী কক্ষের জানালা স্থাপন এবং ফ্লোরের পিসিসিসহ অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ২২,০১০/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ |
| (২) | মুসলিম মডার্ণ একাডেমীর খেলার মাঠের পূর্ব পার্শ্বের সীমানা দেয়াল ও নেটের ফেন্সিং স্থাপন কাজসহ মধ্যবর্তী পুরাতন দেয়া অপসারণ ও দক্ষিণ পার্শ্বের পুরাতন দেয়ালে কাঁটা তার স্থাপন কাজ। | ৩৯,৬৩০/- টাকা | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স |
| (৩) | মুসলিম মডার্ণ একাডেমীর পূর্ব পার্শ্বে নব-নির্মিত প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষকের বাস ভবনের জন্য বহিস্থ গ্যাস ও বিদ্যুৎ লাইন স্থাপন কাজ। | ২১,৫৩৪/- টাকা | মেসার্স খান ট্রেডার্স |
| (৪) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বৈদ্যুতিক লো-ভোল্টেজ রোধকল্পে মেইন লাইন সিঙ্গেল ফেজ এর স্থলে থ্রি ফেজ করণ। | ২১,২১৫/- টাকা | মেসার্স খান ট্রেডার্স |
| (৫) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের টয়লেটসমূহে টাইলস স্থাপন কাজ। | ২১,৬০২/- টাকা | মেসার্স আলম ব্রাদার্স |
| (৬) | মিরপুর সামরিক আবাসিক প্রকল্পের সামীনা চিহ্নিতকরণের জন্য ১০০০ টি আরসিসি পিলার নির্মাণ কাজ। | ৪৭,৭৭৪/- টাকা | মেসার্স কে. এ. ট্রেডার্স |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/এ-২ (নিচতলা পশ্চিম পার্শ্ব) নং বাসার উত্তর পার্শ্বে ০১টি রুম ও টয়লেট বর্ধিতকরণ কাজ। | ৪৪,০৫১/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, উপরোল্লিখিত মেরামত/প্রকল্পগুলো সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হয়েছে এবং ব্যবহারকারী/উপকারভোগী এ বিষয়ে প্রত্যয়ন প্রদান করেছেন বিধায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত প্রকল্প ৭(সাত)টির বিরপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ ঃ ঢাকা সেনানিবাসে বিভিন্ন স্থাপনা/রাস্তার নামফলক স্থাপন প্রসংগে। এ বিষয়ে স্টেশন সদর দপ্তর ঢাকা সেনানিবাসের ১৮ আগস্ট, ২০১০ তারিখের ৬২৪/১/এ নং পত্রটি উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থাপনা ও রাস্তার নামকরণের ইতিহাস স্টেশন সদর দপ্তর কর্তৃক সংগ্রহ করা হয়েছে এবং ডিজাইন মাননীয় সেনাপ্রধান কর্তৃক অনুমোদন করা হয়েছে মর্মে সূত্রোক্ত পত্রের মাধ্যমে জানানো হয়েছে। উক্ত পত্রের সাথে সংযুক্ত ডিজাইন অনুযায়ী ১৩ টি নামফলকের জন্য মোট (৭৩,৯৫০.০০ x ১৩) = ৯,৬১,৩৫০/- (নয় লক্ষ একষট্টি হাজার তিনশত পঞ্চাশ) টাকা + ডিজাইন তৈরির জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা অর্থাৎ সর্বমোট ৯,৯১,৩৫০/- (নয় লক্ষ একানব্বই হাজার তিনশত পঞ্চাশ) টাকা ব্যয় হবে। অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট কাজের জন্য ৯,৯১,৩৫০/- (নয় লক্ষ একানব্বই হাজার তিনশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রাস্তাগুলো স্থাপিতব্য নামফলকের ব্যয় ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ড হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র প্রেরণ করা হোক।

চলমান পাতা-১৪

আলোচ্যসূচী-২২ ঃ মিরপুর ডিওএইচএস এর ২য় ধাপে গ্যাস লাইন স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপে সকল রাস্তায় গ্যাস লাইন তিতাস গ্যাস কর্তৃপক্ষ কর্তৃক স্থাপন করা হয়েছে এবং প্লট মালিকগণ গ্যাস পাচ্ছেন। কিন্তু ২য় ধাপের অধিকাংশ বাড়ী নির্মিত/নির্মাণাধীন হওয়া সত্ত্বেও অদ্যাবধি গ্যাস লাইন স্থাপন কাজ শুরু হয়নি। ফলে প্লট মালিকগণ বাড়ীতে বসবাস করতে পারছেন না। এ বিষয়ে তিতাস গ্যাস কর্তৃপক্ষ লিখিতভাবে জানিয়েছেন যে, সরকারের নিষেধাজ্ঞা রয়েছে। অতঃপর প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ডের নির্বাহী প্রকৌশলী তিতাস গ্যাস কোম্পানী লিঃ এর এম ডি মহোদয়ের সাথে তার (এম ডি) অফিসে ব্যক্তিগতভাবে দেখা করে সমস্যাটি নিয়ে আলোচনা করেন। এম ডি সাহেব জানান বিষয়টি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে তিতাস গ্যাস কোম্পানীর বোর্ড মিটিং-এ উত্থাপন করা হলে আবাসিক এলাকা হিসেবে বিবেচনা করার সুপারিশ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ জরুরী ভিত্তিতে প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ১ম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তিকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মেসার্স ম্যাক্সলিন এসোসিয়েট, এইচ # ৭৯, বি-এফ, রুম # ৫, বনানী, চেয়ারম্যান বাড়ী, বনানী, ঢাকা কর্তৃক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠানটি এমইএস তালিকাভূক্তিকরণের কাগজপত্র সংযুক্ত করেছেন। সার্বিক বিবেচনায় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে তালিকাভুক্ত করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ ঃ পবিত্র রমজান মাসে ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে মুসল্লীদের জুম্মার নামাজ আদায়ের জন্য প্যান্ডেল তৈরী এবং ঈদগাহ মাঠে আসন্ন ঈদ-উল-ফিতরের জামাতের জন্য আনুষাংগিক সকল কাজ সম্পন্নকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে জুম্মার নামাজে মুসল্লীদের জন্য প্যান্ডেল তৈরী এবং ঈদগাহ মাঠে আসন্ন ঈদ-উল-ফিতরের জামাত উপলক্ষে ১৮০´ - ০´´ × ১৩০´ - ০´´ জায়গায় ত্রিপল, ম্যাট, চাদর এবং ০২(দুই)টি গেট ও মিম্বর তৈরীর জন্য দরপত্র আহবান করা হলে গত ১০ আগস্ট, ২০১০ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সাগর ডেকোরেটর, ৫৭ রজনীগন্ধা সুপারমার্কেট, কচুক্ষেত ঢাকা কর্তৃক প্রদত্ত ৪৫,০০০/-(পঁয়তাল্লিশ হাজার)টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়।

সিদ্ধান্ত ঃ মেসার্স সাগর ডেকোরেটর কর্তক প্রদত্ত ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

*চলমান পাতা-১৫*

আলোচ্যসূচী-২৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আর্মি এবং বিএএফ আবাসিক/ইউনিট এলাকার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত গাড়ীর ব্যাটারী ক্রয়করণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্টনমেন্ট বোর্ডের আর্মি এবং বিএএফ আবাসিক/ইউনিট এলাকার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত গাড়ী নং ১১-০০৩৫২ এর জন্য ১২ ভোল্ট ১৭ প্লেটের ০১(এক)টি ব্যাটারী এবং ৮৩৯৪ নং গাড়ীর জন্য ১২ ভোল্ট এন ১০০ ব্যাটারী ০১(এক)টি সরবরাহের জন্য দরপত্র আহবান করা হলে ১৯ আগস্ট, ২০১০ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে টায়ার এন্ড ব্যাটারী বাজার, ৬০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ফার্মগেট, ঢাকা কর্তৃক ২৪,৩৫৪/-(চব্বিশ হাজার তিনশত চুয়ান্ন) টাকার সর্বনিম্নদর দাখিল করা হয়।

সিদ্ধান্ত ঃ টায়ার এন্ড ব্যাটারী বাজার, ৬০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ফার্মগেট, ঢাকা কর্তৃক প্রদত্ত ২৪,৩৫৪/-(চব্বিশ হাজার তিনশত চুয়ান্ন) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৬ ঃ ঢাকা সেনানিবাস এলাকার ময়লা/আবর্জনা সংগ্রহের কাজের জন্য ০১ (এক) টি ০৩ টনী ট্রাক ক্রয়ের জন্য আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস এলাকার ময়লা/আবর্জনা সংগ্রহের জন্য ০১(এক)টি ০৩ (তিন) টনী ট্রাক সরবরাহের নিমিত্তে দৈনিক পত্রিকার মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার করা হলে গত ২৩ আগস্ট, ২০১০ তারিখে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। দরদাতাদের তালিকা নিম্নে প্রদান করা হলো ঃ-

| ক্রমিক নং | ফার্মের নাম | গাড়ীর প্রকৃতি | প্রদত্ত দর |
|---|---|---|---|
| ০১। | ফোর্ড অটোমোবাইল | টাটা এসএফসি- ৭০৯ ইন্ডিয়ার তৈরী | ১৯,১৫,০০০/- |
| ০২। | যমুনা মটরস এন্ড ইন্ডাস্ট্রিজ ওয়ার্কস | টাটা এসএফসি- ৭০৯ ইন্ডিয়ার তৈরী | ১৯,২৫,০০০/- |
| ০৩। | লিটল মটরস লিমিটেড, ঢাকা | টাটা এসএফসি- ৭০৯ ইন্ডিয়ার তৈরী | ১৮,২৬,০০০/- |
| ০৪। | উত্তরা মটরস লিমিটেড, ঢাকা | (ক) স্বরাজ মাজদা ইন্ডিয়ার তৈরী<br>(খ) ইসুজু ট্রাক জাপানের তৈরী | ১৯,৭৫,০০০/-<br>২৪,৬৫,০০০/- |

এ প্রসংগে উল্লেখ্য যে, ফোর্ড অটোমোবাইল কর্তৃক দাখিলকৃত দরপত্রের সাথে পে-অর্ডার সংযুক্ত ছিল না।

সিদ্ধান্ত ঃ প্রাপ্ত দরপত্রসমূহ মূল্যায়ন করার জন্য ৭০৩ মিডিয়াম ওয়ার্কশপ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। ৭০৩ মিডিয়াম ওয়ার্কশপের পরামর্শ মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

২৭ বিবিধ (১) ঃ মহাখালী/মিরপুর ডিওএইচএস এ নির্মাণাধীন অফিস-কাম-শপিং কমপ্লেক্সে দোকান/স্পেস ইজারার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী/মিরপুর ডিওএইচএস এ নির্মাণাধীন অফিস-কাম শপিং কমপেক্সে দোকান/স্পেস ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক প্রথম আলো, দি ডেইলী ষ্টার ও দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৩ আগস্ট, ২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে তলা ভিত্তিক নিম্নোক্ত দোকান সমূহের বিপরীতে দর পাওয়া যায় ঃ-

চলমান পাতা-১৬

## মিরপুর ডিওএইচএস এলাকায় নির্মিতব্য শপিং কমপ্লেক্সে দোকান/অফিস স্পেস বরাদ্দের প্রাপ্ত সর্বোচ্চ দরদাতাদের তালিকাঃ-

### গ্রাউন্ড ফ্লোর-(১ম তলা) ঃ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | মোঃ শহিদুল ইসলাম<br>পিতা-লেঃ কমাঃ সালেহ আহমেদ ভূইয়া (অবঃ)<br>বাসা নং-৩০৪, রোড নং-৮<br>ডিওএইচএস মিরপুর, ঢাকা। | ১ম তলা-কমাশিয়াল স্পেস | ১৮১০.১৯ | ১৫০০০/- | ৩৮৯১৯০৮৫/- | ২১৫০০/- | ০১ টি |
| ২। | জাফর ইকবাল সিদ্দিকী-এমপি<br>পিত মৃত হাবিবুর রহমান সিদ্দিকী<br>ডেফোইন টাওয়ার, প্লট-৫৫, ব্লক-কে, সেকসন-২, জয়নগর শিল্প এলাকা, পল্লবী ,মিরপুর ঢাকা। | ১ম তলা-২ | ৩৫৩.৩৮ | ১৫০০০/- | ৬০৭৮১৩৬/- | ১৭২০০/- | ০১ টি |
| ৩। | মোঃ ফারুক আহমেদ<br>পিতা মৃত শাহ আলী শেখ<br>ই/৬৬, ইস্টার্ন হাউজিং ,রোড নং-১, পল্লবী, | ১ম তলা-১৩ | ১৩৫.৭৩. | ১৫০০০/- | ২৫১১০০৫/- | ১৮৫০০/- | ০১ টি |
| ৪। | মীর মোশারফ হোসেন<br>পিতা আলহাজ্ব মীর মোকসেদ আলী<br>বাসা নং -২১ মিতালী হাউজিং সোসাইটি<br>পূর্ব কাফরুল, ঢাকা সেনানিবাস। | ১ম তলা-১৪ | ১২৬.৮০ | ১৫০০০/- | ২১৮০৯৬০/- | ১৭২০০/- | ০১ টি |
| ৫। | মোঃ আমিনুল ইসলাম<br>পিতা মৃত মোঃ জহিরুল ইসলাম<br>১৯৮,পূর্ব কাজিপাড়া,কাফরুল,মিরপুর,ঢাকা। | ১ম তলা-১৫ | ১২০.৯৬ | ১৫০০০/- | ২১৫০৭৯০/- | ১৭৭৮১/- | ০২ টি |
| ৬। | দিলদার আহমেদ<br>পিতা মৃত খুরশিদ মিয়া<br>১৩২৯/১, পূর্ব শেওড়া পাড়া,মিরপুর ,ঢাকা। | ১ম তলা-১৬ | ১০৮.৪৬ | ১৫০০০/- | ১৭০৫০০০/- | ১৫৭২০/- | ০২ টি |
| ৭। | হামিদা বেগম চৌধুরী<br>পিতা মরহুম আব্দুল মোতালেব চৌধুরী<br>বাড়ী নং -৬ , রোড নং-২১, রূপনগর আবাসিক এলাকা, পল্লবী, মিরপুর , ঢাকা। | ১ম তলা-১৭ | ১০৮.৪৬ | ১৫০০০/- | ১৮১১২৮২/- | ১৬৭০০/- | ০৩ টি |
| ৮। | মনজুরুল আলম চৌধুরী<br>পিতা মরহুম আব্দুল মোতালেব চৌধুরী<br>বাড়ী নং -৬ , রোড নং-২১, রূপনগর আবাসিক এলাকা, পল্লবী, মিরপুর , ঢাকা। | ১ম তলা-১৮ | ১২৬.৮০ | ১৫০০০/- | ২১১৭৫৬০/- | ১৬৭০০/- | ০২ টি |
| ৯। | মোঃ জাহিন রহান রাজিন<br>পিতা-লেঃ কর্ণেল হাসান রহান রাব্বী (অবঃ)<br>বাসা নং-১২৫, রোড নং-১১<br>ডিওএইচএস মিরপুর, ঢাকা। | ১ম তলা ১৯ | ১২৬.৮০ | ১৫০০০/- | ১৯১৪৯৩৩.৬০/- | ১৫১০২/- | ০১ টি |
| ১০। | লেঃ কর্ণেল হাসান রহান রাব্বী (অবঃ)<br>পিতা-শহীদ হাসান ফয়েজ<br>বাসা নং-১২৫, রোড নং-১১<br>ডিওএইচএস মিরপুর, ঢাকা। | ১ম তলা-২০ | ১৩৫.৭৩ | ১৫০০০/- | ২০৪৯৯৩০/- | ১৫১০৩/- | ০১ টি |
| ১১। | মোঃ শহীদ হোসেন<br>পিতা-মরহুম মহব্বত আলী<br>বাসা নং-৪৬৭/১, শাহীনবাগ,পুরাতন এয়ারপোর্ট রোড, পশ্চিম নাখালপাড়া, তেজগাঁও,ঢাকা। | ১ম তলা-২৭ | ৯৯.৩৭ | ১৫০০০/- | ১৭৯৮৫৯৭/- | ১৮১০০/- | ০১ টি |
| ১২। | মনির আহম্মেদ<br>পিতা-মৃত মতলুব আহম্মেদ<br>বাসা নং-৬০/বি,উত্তর ধানমন্ডি,কলাবাগান,ঢাকা | ১ম তলা-২৯ | ৯৮.৪৭ | ১৫০০০/- | ১৭২৮১৪৯/- | ১৭৫৫০/- | ০১ টি |
| ১৩। | বেগম রওশন আরা<br>পিতা-মৃত হাফিজ উদ্দিন মোল্লা<br>গ্রাম+পোঃ-বসন্তপুর, উপজেলা-শৈলকুপা, জেলা-ঝিনাইদাহ। | ১ম তলা-৩০ | ১২০.৯৬ | ১৫০০০/- | ১৭০০০০০/- | ১৪০৫৪/- | ০১ টি সরকারী দরের চেয়েও কম |
| ১৪। | মিসেস তাসরীন মুজিব<br>পিতা-মৃত আব্দুল আউয়াল খান<br>৩৮১/১/এ,উত্তর গোড়ান,নূরবাগ গোড়ান, খিলগাও, ঢাকা-১২১৯। | ১ম তলা-৩৪ | ৯৮.৪৭ | ১৫০০০/- | ১৭৪৬৯৫৭/- | ১৭৭৪১/- | ০১ টি |
| ১৫। | মেজর মোঃ শওকত হোসাইন (অবঃ), পিতা মৃত আলহাজ্ব মহব্বত আলী, বাসা নং-৩৮<br>রোড নং-১৮, সেক্টর-১১, উত্তরা ঢাকা। | ১ম তলা-৩৫ | ১০১.৬২ | ১৫০০০/- | ১৮০০২০০/- | ১৭৭১৫/- | ০১ টি |
| ১৬। | মেজর মোঃ শওকত হোসাইন (অবঃ), পিতা মৃত আলহাজ্ব মহব্বত আলী, বাসা নং-৩৮<br>রোড নং-১৮, সেক্টর-১১, উত্তরা ঢাকা। | ১ম তলা-৩৬ | ৯৯.৩৭ | ১৫০০০/- | ১৮০০১০০/- | ১৮১১৫/- | ০১ টি |
| ১৭। | ডাঃ আসমা আফরোজ<br>পিতা-মোঃ কলিম উল্লাহ ভূইয়া<br>বাসা নং-৩০১, বিল্ডিং নং-০১, ন্যাম ফ্ল্যাট, নাখালপাড়া, ঢাকা। | ১ম তলা-৩৭ | ৮৪.৯৫ | ১৫০০০/- | ১৩২৭৩৪৪/- | ১৫৬২৫/- | ০১ টি |

*চলমান পাতা-১৭*

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দর পত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১৮। | শামীমা আক্তার<br>পিতা-শেখ শাহাদাৎ হোসেন<br>৬৬৫ শাহজনবাগ, তেজগাঁও, ঢাকা-১২১৫। | ১ম তলা-৪৩ | ১৬৪.৫৯ | ১৫০০০/- | ২৮২৪২৪০/- | ১৭১৫৯.২৫ | ০১ টি |
| ১৯। | লেঃ কর্ণেল শহীদুল ইসলাম (অবঃ)<br>পিতা-মৃত ডাঃ আব্দুল গনী চৌধুরী<br>বাসা নং-৩২৯, রোড নং-৫<br>ডিওএইচএস বাড়িধারা, ঢাকা। | ১ম তলা-৪৪ | ১৬৪.৫৯ | ১৫০০০/- | ৩০৪৪৯১৫/- | ১৮৫০০/- | ০১ টি |
| ২০। | তাশকিহা বিনতে শহীদ মিলা<br>পিতা-লেঃ কর্ণেল শহীদুল ইসলাম (অবঃ),<br>বাসা নং-৩২৯, রোড নং-৫<br>ডিওএইচএস বাড়িধারা, ঢাকা। | ১ম তলা-৪৫ | ৩০৮.০৬ | ১৫০০০/- | ৬১৬১২০০/- | ২০০০০/- | ০১ টি |
| ২১। | মোঃ রুবাইয়াত হোসেন<br>পিতা- মোঃ মোশারফ হোসেন<br>বাসা নং-১৪, রোড নং-১৫(নতুন)<br>ধানমন্ডি, ঢাকা। | ১ম তলা-৪৮ | ১৬১.২৮ | ১৫০০০/- | ২৬৯৩৩৭৬/- | ১৬৭০০/- | ০১ টি |
| ২২। | দিদারুল আলম চৌধুরী<br>পিতা-মৃত আব্দুল মোতালেব চৌধুরী<br>বাসা নং-১৩, ফ্ল্যাট নং-এ/১, রোড নং-১,<br>ধানমন্ডি, ঢাকা। | ১ম তলা-৪৯ | ১৪১.৭৪ | ১৫০০০/- | ২৩৬৭০৫৮/- | ১৬৭০০/- | ০১ টি |

**ফার্ষ্ট ফ্লোর-(২য় তলা) ঃ**

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দর পত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | লেঃ কমান্ডার সালেহ আহমেদ ভূইয়া (অবঃ)<br>পিতা-মৃত সোনা মিয়া ভূইয়া<br>বাসা নং-৩০৪, রোড নং-৮,<br>ডিওএইচএস মিরপুর, ঢাকা। | ২য় তলা-কমার্শিয়াল স্পেস | ৯০৫.০৯ | ১৪০০০/- | ১৯০০৬৮৯০/- | ২১০০০/- | ০১ টি |
| ২। | ফারজানা-ই-খোদা<br>পিতা-ব্রিগেঃ জেনাঃ মোঃ জাবেদ আলী (অবঃ)<br>বাসা নং-২১, ফ্ল্যাট নং-সি/১, রোড নং-৪,<br>ঢাকা সেনানিবাস। | ২য় তলা-০২ | ১২৯.২১ | ১৪০০০/- | ২০৯৩২০২/- | ১৬২০০/- | ০২ টি |
| ৩। | মেজর জেনাঃ আব্দুস সালাম চৌধুরী (অবঃ)<br>পিতা-আব্দুল কুদ্দুছ চৌধুরী<br>বাসা নং-১৬৩, রোড নং-৩, ডিওএইচএস<br>বনানী, ঢাকা সেনানিবাস। | ২য় তলা-০৪ | ১৫৯.৮২ | ১৪০০০/- | ২২৫৩৪৬২/- | ১৪১০১/- | ০১ টি |
| ৪। | মোঃ শাহজাহান<br>পিতা-মৃত মমতাজুল হক<br>ব্লক-এ, রোড নং-০১, বাড়ী নং-৬১<br>নিকেতন, গুলশান, ঢাকা | ২য় তলা-১২ | ২০১.২৬ | ১৪০০০/- | ৩১১৯৫৩০/- | ১৫৫০০/- | ০২ টি |
| ৫। | শহীদুল আলম চৌধুরী<br>পিতা-মৃত আব্দুল মোতালেব চৌধুরী<br>বাসা নং-২১, ফ্ল্যাট নং-সি/১<br>রোড নং-৪,ঢাকা সেনানিবাস। | ২য় তলা-১৮ | ১১০.২০ | ১৪০০০/- | ১৭৮৫২৪০/- | ১৬২০০/- | ০২ টি |
| ৬। | মনজুর আলম<br>পিতা-মৃত আশরফ আলী<br>৫ নং সিদ্ধেশ্বরী রোড, ঢাকা। | ২য় তলা-১৯ | ১১০.২০ | ১৪০০০/- | ১৭৭৪২২০/- | ১৬১০০/- | ০২ টি |
| ৭। | তাহমিনা সুলতানা<br>পিতা-আমিন আহমেদ খান<br>বাসা নং-১৩, ফ্ল্যাট নং-এ/১<br>রোড নং-১,ধানমন্ডি, ঢাকা । | ২য় তলা-২০ | ১২৮.৫০ | ১৪০০০/- | ২০৮১৭০০/- | ১৬২০০/- | ০১ টি |
| ৮। | মেজর মোঃ আসাদুজ্জামান (অবঃ)<br>পিতা-মৃত মোঃ মতিউর রহমান<br>ক-৬৭/১, নর্দ্দা, বারিধারা, গুলশান, ঢাকা-১২১২। | ২য় তলা-২২ | ১২৮.৫০ | ১৪০০০/- | ২১৮৪৫০০/- | ১৭০০০/- | ০১ টি |
| ৯। | লেঃ কর্ণেল (অবঃ) কাজী হালিমুর রশিদ ও<br>ফারজানা খান (নিপা)<br>বাসা নং-৫৪৬,রোড নং-৩০<br>ডিওএইচএস মিরপুর, ঢাকা সেনানিবাস। | ২য় তলা-২৪ | ১০১.৬৯ | ১৪০০০/- | ১৬৩৭২০৯/- | ১৬১০০/- | ০৪ টি |

**সেকেন্ড ফ্লোর-(৩য় তলা) ঃ**

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল (অবঃ) জাফর আহমেদ মনসুর,জি<br>পিতা-মৃত আব্দুল হামিদ<br>১৬৭/বি, পূর্ব কাফরুল, ঢাকা। | ৩য় তলা-১৩ | ২০১.২৬ | ১৩০০০/- | ২৮৫৭৮৯২/- | ১৪২০০/- | ০১ টি |

চলমান পাতা-১৮

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | ডাঃ মাহফুজা বেগম<br>পিতা-মৃত মোজাফফর আলী আকন্দ<br>বাড়ী নং-০৬, ফ্ল্যাট নং-৫/বি, সেক্টর-৬<br>ঈসাখা এ্যাভিনিউ, উত্তরা, ঢাকা। | ৩য় তলা-২৫ | ১০১.৬৯ | ১৩০০০/- | ১৩৩২২৪১/- | ১৩১০১/- | ০১ টি |

## ফোর্থ ফ্লোর-(৫ম তলা) ঃ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | কর্ণেল (অবঃ) মুহাম্মদ ইসহাক মিয়ান<br>পিতা-মৃত মুহাম্মদ আব্দুল মজিদ মিয়ান<br>বাড়ী নং-২৬/সি, ফ্ল্যাট নং-বি/৩, রোড নং-৪, ক্যান্ট বাজার এলাকা, ঢাকা ক্যান্ট। | ৫ম তলা রেস্টুরেন্ট | ১৬৫৮.০৭ | ১২০০০/- | ২৭৪৪২৭১৭/- | ১৬৫৫১/- | ০১ টি |

## ফিফথ ফ্লোর-(৬ষ্ঠ তলা) ঃ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | ব্রিগেঃ জেনাঃ সাইফুল আলী (অবঃ)<br>পিতা-মৃত মোঃ জমসেদ আলী<br>১২২/৩, লেন-০১ (পশ্চিম)<br>ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | ৬ষ্ঠ তলা-২০ | ১১০.২০ | ১০০০০/- | ১১১৪২৩২/- | ১০১১১/- | ০২ টি |
| ২। | ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ,পিএসসি (অবঃ),<br>পিতা- মৃত ডাঃ জসিম উদ্দিন আহমেদ<br>বাসা নং-১০০/বি, রোড নং-৬, লেন-এ,<br>ডিওএইচএস বনানী, ঢাকা সেনানিবাস। | ৬ষ্ঠ তলা-২৫ | ১০১.৬৯ | ১০০০০/- | ১০২৮১৮৮/- | ১০১১১/- | ০৩ টি |

**মহাখালী ডিওএইচএস এলাকায় নির্মিতব্য শপিং কমপ্লেক্সে দোকান/অফিস স্পেস বরাদ্দের প্রাপ্ত সর্বোচ্চ দরদাতাদের তালিকাঃ-**

## ফিফথ ফ্লোর-(৬ষ্ঠ তলা) ঃ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | জাফর ইকবাল সিদ্দিকী ,এমপি<br>পিতা-হাবিবুর রহমান সিদ্দিকী<br>বাড়ী নং-২০, রোড নং-০৯, ব্লক-কে,<br>বারিধারা আবাসিক এলাকা, ঢাকা। | ৬ষ্ঠ তলা কমার্শিয়াল স্পেস-১ | ২৩০৯.৫৬ | ১০০০০/- | ২৯৩৩১৪১২/- | ১২৭০০/- | ০১ টি |

সিদ্ধান্ত ঃ (ক) মিরপুর ডিওএইচএস এলাকায় নির্মিতব্য অফিস কাম শপিং কমপ্লেক্সের দোকানসমূহের বিপরীতে প্রাপ্তদরসমূহ নিম্নবর্ণিতভাবে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। প্রাপ্ত একক দরগুলি সরকারি দরের চেয়ে বেশী পাওয়ায় এবং তা সন্তোষজনক বিবেচিত হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৩০ ধারার আলোকে অনুমোদন করা হলো।

| ক্রঃ নং | দর দাতার নাম | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | মোঃ শহিদুল ইসলাম | ১ম তলা-কমার্শিয়াল স্পেস | ১৮১০.১৯ | ১৫,০০০/- | ৩,৮৯,১৯,০৮৫/-টাকা | ২১৫০০/- | ০১ টি |
| (২) | জাফর ইকবাল সিদ্দিকী-এমপি | ১ম তলা- ২ | ৩৫৩.৩৮ | ১৫,০০০/- | ৬০,৭৮,১৩৬/-" | ১৭২০০/- | ০১ টি |
| (৩) | মোঃ ফারুক আহমেদ | ১ম তলা-১৩ | ১৩৫.৭৩. | ১৫,০০০/- | ২৫,১১,০০৫/-" | ১৮৫০০/- | ০১ টি |
| (৪) | মীর মোশারফ হোসেন | ১ম তলা-১৪ | ১২৬.৮০ | ১৫,০০০/- | ২১,৮০,৯৬০/-" | ১৭২০০/- | ০১ টি |
| (৫) | মোঃ আমিনুল ইসলাম | ১ম তলা-১৫ | ১২০.৯৬ | ১৫,০০০/- | ২১,৫০,৭৯০/-" | ১৭৭৮১/- | ০২ টি |
| (৬) | হামিদা বেগম চৌধুরী | ১ম তলা-১৭ | ১০৮.৪৬ | ১৫,০০০/- | ১৮,১১,২৮২/-" | ১৬৭০০/- | ০৩ টি |
| (৭) | মনজুরুল আলম চৌধুরী | ১ম তলা-১৮ | ১২৬.৮০ | ১৫,০০০/- | ২১,১৭,৫৬০/-" | ১৬৭০০/- | ০২ টি |
| (৮) | মোঃ শহীদ হোসেন | ১ম তলা-২৭ | ৯৯.৩৭ | ১৫,০০০/- | ১৭,৯৮,৫৯৭/-" | ১৮১০০/- | ০১ টি |
| (৯) | মনির আহম্মেদ | ১ম তলা-২৯ | ৯৮.৪৭ | ১৫,০০০/- | ১৭,২৮,১৪৯/-" | ১৭৫৫০/- | ০১ টি |
| (১০) | মিসেস তাসরীন মুজিব | ১ম তলা-৩৪ | ৯৮.৪৭ | ১৫,০০০/- | ১৭,৪৬,৯৫৭/-" | ১৭৭৪১/- | ০১ টি |
| (১১) | মেজর মোঃ শওকত হোসাইন (অবঃ) | ১ম তলা-৩৫ | ১০১.৬২ | ১৫,০০০/- | ১৮,০০,২০০/-" | ১৭৭১৫/- | ০১ টি |
| (১২) | মেজর মোঃ শওকত হোসাইন (অবঃ) | ১ম তলা-৩৬ | ৯৯.৩৭ | ১৫,০০০/- | ১৮,০০,১০০/-" | ১৮১১৫/- | ০১ টি |
| (১৩) | শামীমা আক্তার | ১ম তলা-৪৩ | ১৬৪.৫৯ | ১৫,০০০/- | ২৮,২৪,২৪০/-" | ১৭১৫৯/২৫ | ০১টি |
| (১৪) | লেঃ কর্ণেল শহীদুল ইসলাম (অবঃ) | ১ম তলা-৪৪ | ১৬৪.৫৯ | ১৫,০০০/- | ৩০,৪৪,৯১৫/-" | ১৮৫০০/- | ০১ টি |
| (১৫) | তাশবিহা বিনতে শহীদ মিলা | ১ম তলা-৪৫ | ৩০৮.০৬ | ১৫,০০০/- | ৬১,৬১,২০০/-" | ২০০০০/- | ০১ টি |
| (১৬) | মোঃ রুবাইয়াত হোসেন | ১ম তলা-৪৮ | ১৬১.২৮ | ১৫,০০০/- | ২৬,৯৩,৩৭৬/-" | ১৬৭০০/- | ০১ টি |
| (১৭) | দিদারুল আলম চৌধূরী | ১ম তলা-৪৯ | ১৪১.৭৪ | ১৫,০০০/- | ২৩,৬৭,০৫৮/-" | ১৬৭০০/- | ০১ টি |
| (১৮) | লেঃ কমান্ডার সালেহ আহমেদ ভূইয়া (অবঃ) | ২য় তলা-কমার্শিয়াল স্পেস | ৯০৫.০৯ | ১৪,০০০/- | ১,৯০,০৬,৮৯০/-" | ২১০০০/- | ০১ টি |
| (১৯) | ফারজানা-ই-খোদা | ২য় তলা-০২ | ১২৯.২১ | ১৪,০০০/- | ২০,৯৩,২০২/-" | ১৬২০০/- | ০২ টি |
| (২০) | মোঃ শাহজাহান | ২য় তলা-১২ | ২০১.২৬ | ১৪,০০০/- | ৩১,১৯,৫৩০/-" | ১৫৫০০/- | ০২ টি |
| (২১) | শহীদুল আলম চৌধূরী | ২য় তলা-১৮ | ১১০.২০ | ১৪,০০০/- | ১৭,৮৫,২৪০/-" | ১৬২০০/- | ০২ টি |
| (২২) | মনজুর আলম | ২য় তলা-১৯ | ১১০.২০ | ১৪,০০০/- | ১৭,৭৪,২২০/-" | ১৬১০০/- | ০২ টি |
| (২৩) | তাহমিনা সুলতানা | ২য় তলা-২০ | ১২৮.৫০ | ১৪,০০০/- | ২০,৮১,৭০০/-" | ১৬২০০/- | ০১ টি |
| (২৪) | মেজর মোঃ আসাদুজ্জামান (অবঃ) | ২য় তলা-২২ | ১২৮.৫০ | ১৪,০০০/- | ২১,৮৪,৫০০/-" | ১৭০০০/- | ০১ টি |

চলমান পাতা-১৯

| ক্রঃ নং | দর দাতার নাম | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| (২৫) | লেঃ কর্ণেল (অবঃ) কাজী হালিমুর রশিদ ও ফারজানা খান (নিপা) | ২য় তলা-২৪ | ১০১.৬৯ | ১৪,০০০/- | ১৬,৩৭,২০৯/-টাকা | ১৬১০[illegible].০০ | ০৪ টি |
| (২৬) | কর্ণেল (অবঃ) মুহাম্মদ ইস্হাক মিয়ান | ৫ম তলা রেস্টুরেন্ট | ১৬৫৮.০৭ | ১২,০০০/- | ২,৭৪,৪২,৭১৭/-" | ১৬৫৫১.০০ | ০১ টি |
| (২৭) | ব্রিগেঃ জেনাঃ সাইফুল আলী (অবঃ) | ৬ষ্ঠ তলা-২০ | ১১০.২০ | ১০,০০০/- | ১১,১৪,২৩২/-" | ১০১১১.০০ | ০২ টি |
| (২৮) | ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ,পিএসসি (অবঃ) | ৬ষ্ঠ তলা-২৫ | ১০১.৬৯ | ১০,০০০/- | ১০,২৮,১৮৮/-" | ১০১১১.০০ | ০৩ টি |

(খ) মহাখালী ডিওএইচএস এলাকায় নির্মিতব্য শপিং কমপ্লেক্সে দোকান/অফিস স্পেসের বিপরীতে প্রাপ্ত একক দরটি সরকারি দরের চেয়ে বেশী পাওয়ায় এবং তা সন্তোষজনক বিবেচিত হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৩০ ধারার আলোকে নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | জাফর ইকবাল সিদ্দিকী, এমপি | ৬ষ্ঠ তলা কমার্শিয়াল স্পেস-১ | ২৩০৯.৫৬ | ১০০০০/- টাকা | ২,৯৩,৩১,৪১২/- টাকা | ১২৭০০.০০ | ০১ টি |

(গ) অনুমোদিত সর্বোচ্চ দরদাতার নিকট হতে প্রথম কিস্তির টাকা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

(ঘ) নিম্নবর্ণিত দোকান/অফিস স্পেসের বিপরীতে ০১টি করে দরপত্র পাওয়ায় এবং প্রাপ্ত দরসমূহ সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তা অনুমোদন করা গেল না। সরকারি রাজস্ব বৃদ্ধির স্বার্থে ইজারা প্রদানের নিমিত্তে পুনঃদরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

**১ম তলা ঃ**

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | দিলদার আহমেদ<br>পিতা মৃত খুরশিদ মিয়া<br>১৩২৯/১, পূর্ব শেওড়া পাড়া,মিরপুর ,ঢাকা। | ১ম তলা-১৬ | ১০৮.৪৬ | ১৫০০০/- | ১৭০৫০০০/- | ১৫৭২০/- | ০২ টি |
| ২। | মোঃ জাহিন রহান রাজিন<br>পিতা-লেঃ কর্ণেল হাসান রহান রাব্বী (অবঃ)<br>বাসা নং-১২৫, রোড নং-১১<br>ডিওএইচএস মিরপুর, ঢাকা। | ১ম তলা ১৯ | ১২৬.৮০ | ১৫০০০/- | ১৯১৪৯৩৩.৬০/- | ১৫১০২/- | ০১ টি |
| ৩। | লেঃ কর্ণেল হাসান রহান রাব্বী (অবঃ)<br>পিতা-শহীদ হাসান ফয়েজ<br>বাসা নং-১২৫, রোড নং-১১<br>ডিওএইচএস মিরপুর, ঢাকা। | ১ম তলা-২০ | ১৩৫.৭৩ | ১৫০০০/- | ২০৪৯৯৩০/- | ১৫১০৩/- | ০১ টি |
| ৪। | বেগম রওশন আরা<br>পিতা-মৃত হাফিজ উদ্দিন মোল্লা<br>গ্রাম+পোঃ-বসন্তপুর, উপজেলা-শৈলকুপা,<br>জেলা-ঝিনাইদাহ। | ১ম তলা-৩০ | ১২০.৯৬ | ১৫০০০/- | ১৭০০০০০/- | ১৪০৫৪/- | ০১ টি সরকারী দরের চেয়েও কম |
| ৫। | ডাঃ আসমা আফরোজ<br>পিতা-মোঃ কলিম উল্লাহ ভূইয়া<br>বাসা নং-৩০১, বিল্ডিং নং-০১, ন্যাম ফ্ল্যাট,<br>নাখালপাড়া, ঢাকা। | ১ম তলা-৩৭ | ৮৪.৯৫ | ১৫০০০/- | ১৩২৭৩৪৪/- | ১৫৬২৫/- | ০১ টি |

চলমান পাতা-২০

২য় তলা ঃ

| ক্র ঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | মেজর জেনাঃ আব্দুস সালাম চৌধুরী (অবঃ)<br>পিতা-আব্দুল কুদ্দুছ চৌধুরী<br>বাসা নং-১৬৩, রোড নং-৩, ডিওএইচএস<br>বনানী, ঢাকা সেনানিবাস। | ২য় তলা-০৪ | ১৫৯.৮২ | ১৪০০০/- | ২২৫৩৪৬২/- | ১৪১০১/- | ০১ টি |

২য় তলা ঃ

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন বর্গফুট | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল (অবঃ) জাফর আহমেদ মনসুর,জি<br>পিতা-মৃত আব্দুল হামিদ<br>১৬৭/বি, পূর্ব কাফরুল, ঢাকা। | ৩য় তলা-১৩ | ২০১.২৬ | ১৩০০০/- | ২৮৫৭৮৯২/- | ১৪২০০/- | ০১ টি |
| ২। | ডাঃ মাহফুজা বেগম<br>পিতা-মৃত মোজাফফর আলী আকন্দ<br>বাড়ী নং-০৬, ফ্ল্যাট নং-৫/বি, সেক্টর-৬<br>ঈসাখা এ্যাভিনিউ, উত্তরা, ঢাকা। | ৩য় তলা-২৫ | ১০১.৬৯ | ১৩০০০/- | ১৩৩২২৪১/- | ১৩১০১/- | ০১ টি |

২৭ বিবিধ (২) ঃ রিক্সার নম্বর প্লেট তৈরীর দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট এলাকায় চলাচলের জন্য ১১২০ টি রিক্সা লাইসেন্স চালু আছে। উক্ত রিক্সা সমূহের ২০১০-২০১১ আর্থিক সনের জন্য প্লেট তৈরী, রংকরণ, লিখন ও নাম্বারিং করার জন্য ২২/৮/২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে মোট ০৩ টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মের্সাস চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ কর্তৃক প্রদত্ত প্রতিটি ৪৯/- টাকা হিসেবে মোট ৫৪,৮৮০/- (চুয়ান্ন হাজার আটশত আশি) টাকার দরটি সর্বনিম্ন হয়। এ প্রসংগে গত ০৩ বছরের প্রাপ্ত দর নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্রঃ নং | আর্থিক সাল | প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত প্রদত্ত দর |
|---|---|---|---|
| ১। | ২০০৭-২০০৮ | মের্সাস মনির এন্ড কোঃ | প্রতিটি ২৫.৩০ টাকা হিসেবে ২৫,৩৫০/৬০ টাকা |
| ২। | ২০০৮-২০০৯ | মের্সাস মনির এন্ড কোঃ | প্রতিটি ৪৭.৫০ টাকা হিসেবে ৪৭,৫৯৫/- টাকা |
| ৩। | ২০০৯-২০১০ | মের্সাস চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | প্রতিটি ৪৮.৫০ টাকা হিসেবে ৫৪,৩২০/- টাকা |

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট এলাকায় চলাচলের জন্য ১১২০ টি রিক্সা লাইসেন্স প্লেট তৈরী, রংকরণ, লিখন ও নাম্বারিং করার মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ কর্তৃক প্রদত্ত ৫৪,৮৮০/- (চুয়ান্ন হাজার আটশত আশি) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-২১

২৭ বিবিধ (৩) ঃ ঢাকা সেনানিবাসস্থ বনানী ডিওএইচএস এর ২৮/এ-১ নং প্লটে অননুমোদিতভাবে ৫(পাঁচ) তলার উপর ৬ (ছয়) তলা নির্মাণ প্রসংগে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০২ আগস্ট, ২০১০ তারিখের ১০০০/খণ্ড-০৬/০৯/ই-১০ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ • সেনাসদর, কিউ এম জির শাখা, ডি ডব্লিউ এন্ড সিই (আর্মি), ঢাকা সেনানিবাস এর ০২ আগস্ট, ২০১০ তারিখের ১০০০/খন্ড-০৬/০৯/ই-১০ নং পত্রের মাধ্যমে ভূমিকম্পের ঝুঁকির কথা বিবেচনা নিয়ে ভবনটি ০৫ তলার উপর ০৬ তলা নির্মাণ করা যুক্তিযুক্ত নয় বলে মতামত ব্যক্ত করেছেন। কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ডি ডব্লিউ ই এন্ড সি (আর্মি) এর মতামত অনুযায়ী চূড়ান্ত নোটিশ প্রদানপূর্বক ০৬ (ছয়) তলা অপসারণের ব্যবস্থা গ্রহণ করা হোক।

২৭ বিবিধ (৪) ঃ নির্মাণাধীন রজনীগন্ধা টাওয়ারের ঠিকাদারকে ১ম চলতি বিল প্রদান প্রসংগে।

আলোচনা ঃ উক্ত প্রকল্পের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক ১৭ সেপ্টেম্বর, ২০০৯ তারিখের ৭/এমএলএন্ডসি/ ঢাকা/৪৭৭/শা-৮/০৭ নং পত্রের মাধ্যমে ১৩,৩৭,৬৭,৩৪৮/- (তোর কোটি সাইত্রিশ লক্ষ সাতষট্টি হাজার তিনশত আটচল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হয়। অত:পর পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে মেসার্স আর পি কন্সট্রাকশন প্রাইভেট লিঃ কর্তৃক সর্বনিম্ন ১২,৬৩,৩৪,০৬৮/- (বার কোটি তেষট্টি লক্ষ চৌত্রিশ হাজার আটষট্টি) টাকার দর পাওয়া যায় এবং তা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে ২৩ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৭৭/শা-/২৭ নং পত্রের মাধ্যমে ১২,৬৩,৩৪,০৬৮/- (বার কোটি তেষট্টি লক্ষ চৌত্রিশ হাজার আটষট্টি) টাকার ব্যয়ের অনুমোদন পাওয়া যায়। সংশ্লিষ্ট ঠিকাদারকে ১০ মার্চ, ২০১০ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/৮১৮/৩/৪৭ নং পত্রের মাধ্যমে কার্যাদেশ দেওয়া হয়। ঠিকাদার কাজ শুরু করে ফাউন্ডেশনের Situ Pile ঢালাই এর কাজ সম্পন্ন করে বিলের জন্য আবেদন করেছেন। যেহেতু Project এর যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামী বাবদ প্রাপ্য অর্থ দ্বারা সংকুলান করা হবে সেহেতু দোকান বরাদ্দের অনুমোদন না পাওয়া গেলে ইজারা ডাকের বিজয়ী দর প্রদানকারীগণের নিকট হতে সালামী গ্রহণ করা যাচ্ছে না। উল্লেখ্য যে, ক্যান্টনমেন্ট বোর্ডের ৩০ জুন, ২০১০ তারিখের ঢাক্যাবো/র:গ:সু:মা:/সাধা:/১৯/৯৩ নং পত্রের মাধ্যমে প্রথম পর্যায়ে ৪২ টি দোকানের জন্য সর্বমোট ৯,৮৫,১৮,০৪২/- (নয় কোটি পঁচাশি লক্ষ আঠার হাজার বিয়াল্লিশ) টাকার ১০ বছর মেয়াদী সালামীসহ ইজারা ডাক অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে বিস্তারিত কাগজাদি প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি অনুমোদন পাওয়া যায়নি। ফলে উক্ত অর্থ হতে ঠিকাদারের রানিং বিল প্রদান করা সম্ভব হচ্ছে না। প্রকল্পের কাজ অব্যাহত রাখার জন্য বোর্ডের অন্য ফান্ড হতে ঠিকাদারের রানিং বিল প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ প্রকল্পের কাজ চলমান রাখার জন্য বোর্ড ফান্ড হতে সংশ্লিষ্ট ঠিকাদারের রানিং বিল প্রদান করা হোক। রজনীগন্ধা টাওয়ারের দোকান ইজারা অনুমোদনের বিষয়টি ত্বরান্বিত করার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পুনরায় অনুরোধ করা হোক।

*চলমান পাতা-২২*

২৭ বিবিধ (৫) ঃ ঢাকা সেনানিবাসে এটিএম বুথ স্থাপন প্রসংগে আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্ট, প্রযত্নে ঃ সেনাসদর, এজি'র শাখা কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ আগস্ট, ২০১০ তারিখের ৪৭২৬/৪/টিবিএল/প্রকল্প নং পত্র প্রসংগে।

আলোচনা ঃ আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্ট এর উপরোল্লিখিত পত্রের মাধ্যমে জানানো হয় যে, ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানে প্রস্তাবিত এটিএম বুথ গুলির মূল ব্যবহারকারী হবেন সেনাসদস্যগণ। বর্তমানে বাংলাদেশ সেনাবাহিনীতে সকল সেনাসদস্যের জন্য ডিজিটাল পে সিস্টেমে বেতন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই পদ্ধতিতে সকল সেনাসদস্য এটিএম বুথ ব্যবহার করবে। এটিএম বুথ স্থাপনের কোন ভাড়া (চার্জ) নির্ধারন করা হলে পরবর্তীতে উহার প্রভাব সেনাসদস্যের উপর বর্তাবে। এখানে উল্লেখ্য যে, এটিএম বুথ স্থাপনের প্রয়োজনীয় স্থাপনা ট্রাষ্ট ব্যাংক কর্তৃক ব্যাংকের তত্ত্বাবধানে সম্পন্ন করা হবে। উপরোক্ত বক্তব্যের আলোকে ডিজিটাল পে সিস্টেমের সুফল সকল সেনাসদস্যের মাঝে পৌছানোর লক্ষে এটিএম বুথগুলী বিনা ভাড়ায় স্থাপনের জন্য ট্রাষ্ট ব্যাংক কে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ঃ শুধুমাত্র সেনানিবাসের অভ্যন্তরে (ডিওএইচএস ব্যতীত) বিনা ভাড়ায় ট্রাষ্ট ব্যাংক কর্তৃক এটিএম বুথ স্থাপনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে শর্ত থাকে যে এটিএম বুথ স্থাপনের ক্ষেত্রে অবশ্যই ক্যান্টনমেন্ট বোর্ডের পূর্বানুমতি গ্রহণসহ ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।

২৭ বিবিধ (৬) ঃ ঢাকা সেনানিবাস এলাকায় ফাইবার অপটিক ক্যাবল স্থাপনের অনুমতি চেয়ে সামিট কমিউনিকেশন লিঃ এর ১২ আগস্ট, ২০১০ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবটি আধুনিক এবং যুযোপযোগী। তবে ব্যস্ত রাস্তা কর্তনে জটিলতা এড়ানোর জন্য সংশ্লিষ্ট সকলের সমন্বয় প্রয়োজন এবং বিষয়টি সংশ্লিষ্ট গোয়েন্দা সংস্থাকে অবহিত করা দরকার। এ বিষয়ে স্টেশন কমান্ডার ঢাকা সেনানিবাস-কে আহবায়ক করে সংশ্লিষ্ট সকল সংস্থার প্রতিনিধিকে নিয়ে একটি সমন্বয় কমিটি গঠন করা দরকার।

সিদ্ধান্ত ঃ বিষয়টি সেনানিবাসের নিরাপত্তার দায়িত্বে নিযুক্ত সংস্থাকে অবহিত করা হোক এবং সার্বক্ষনিক সমন্বয়ের জন্য একটি উচ্চ পর্যায়ের সমন্বয় কমিটি গঠন করা হোক।

২৭ বিবিধ (৭) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১/এ নং প্লটে নির্মিত বাড়ীর এ/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ পার্শ্ব) নং ফ্ল্যাট বিক্রয়/ হস্তান্তরের অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১/এ নং প্লটে নির্মিত বাড়ীর ২১৯০ বর্গফুট বিশিষ্ট এ-৫ নং ফ্ল্যাটটি (১) ব্রিগেঃ জেনাঃ ডাঃ মোঃ আবদুস শহীদ খান, এমএমসি এবং (২) লেঃ কর্ণেল উম্মে সালমা, এএমসি এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য সংশ্লিষ্ট বাড়ীর মালিকের নিযুক্তীয় আম-মোক্তার জনাব আবুল খায়ের মোঃ তারিকুল ইসলাম, ম্যানেজিং ডাইরেক্টর, বেসিক ডিজাইন এন্ড ডেভলোপমেন্টস লিঃ গত ১৬ ফেব্রুয়ারি, ২০১০ তারিখে আবেদন করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ছাড়পত্রের জন্য ডিজিএফআই-তে প্রেরণ করা হলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৮ আগস্ট, ২০১০ তারিখের ১৩০০/৩০/৩১/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত প্লটের অননুমোদিত নির্মাণের জন্য ১১,৯৯,১০৮/- টাকা ক্ষতিপূরণ জমা করা হয়েছে। আলোচ্য ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা যা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ করা হয়েছে।

দ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১/এ নং প্লটে নির্মিত বাড়ীর এ/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ পার্শ্ব) নং ফ্ল্যাট বিক্রয়/ হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-২৩

২৭ বিবিধ (৮) ঃ রজনী গন্ধা সুপার মার্কেটস্থ গ্রুপ টয়লেট ইজারার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩ টি গ্রুপ টয়লেট ২০১০-২০১১ সাল পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্তে "দৈনিক প্রথম আলো" পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে দরপত্র আহবান করা হলে মোট ০৩ টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স তাওসিন এন্টারপ্রাইজের প্রদত্ত ৪,৯০,০০০/-(চার লক্ষ নব্বই হাজার ) টাকার দরটি সর্বোচ্চ ছিল যা ৩১/৫/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী ২৮ বিবিধ (২) এ উক্ত দর অনুমোদন করা হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়,ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হয়। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়,ঢাকা সেনানিবাস তদীয় ৮/৮/২০১০ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩০-এ -৯/শা-৩/৭৮ নং পত্রে দরটি অনুমোদন ব্যতিরেকে নিম্নোক্ত কারনে ফেরত প্রদান করা হয়। কারণ গ্রুপ টয়লেট ০৩ টির গত ০৩(তিন) বছরের ইজারার গড় দর ছিল ৫,৪৪,৩৬৭/-(পাঁচ লক্ষ চুয়াল্লিশ হাজার তিনশত সাতষট্টি) টাকা মাত্র, যা বর্তমান বছরের ইজারা দরের চেয়ে ৫৪,৩৬৭/- টাকা বেশী। তৎপ্রেক্ষিতে "দৈনিক ইত্তেফাক" ও "দৈনিক কালের কণ্ঠ" প্রত্রিকায় পুনরায় টয়লেট ইজারার বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে গত ২৫/৮/২০১০ ইং তারিখে মেসার্স এম ইসলাম ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ৯,৪৯,০০০/-(নয় লক্ষ উনপঞ্চাশ হাজার ) টাকার একটি দরপত্র পাওয়া যায়। দরটি একক হলেও পূর্ববর্তী বৎসরসমূহের তুলনায় প্রদত্ত দর অনেক বেশী বিধায় তা অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ মেসার্স এম ইসলাম ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ৯,৪৯,০০০/-(নয় লক্ষ উনপঞ্চাশ হাজার ) টাকার দরটি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৭ বিবিধ (৯) ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় বিদ্যমান ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো-তে কনট্রাকটর'স ক্যান্টিন, ওয়্যার হাউস এবং ট্রেনিং সেন্টারসহ মোট ৮৭৮২ বর্গফুট আয়তনের বিভিন্ন স্থাপনা নির্মাণের নকশা অনুমোদন প্রসংগে বিএটিবি'র ২৯ জুলাই, ২০১০ তারিখের আবেদন প্রসংগে।

সিদ্ধান্ত ঃ আপাততঃ অনুমোদন না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭ বিবিধ (১০) ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় বিদ্যমান ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো-তে ৮০১৪ বর্গফুট আয়তনের দোতলা অফিস কমপ্লেক্স নির্মাণের নকশা অনুমোদন প্রসংগে বিএটিবি'র ২৩ আগস্ট, ২০১০ তারিখের আবেদন প্রসংগে।

সিদ্ধান্ত ঃ আপাততঃ অনুমোদন না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭ বিবিধ (১১) ঃ সেনানিবাস ইমারত নির্মাণ উপ-আইন, ১৯৯৪ এর সংশোধিত খসড়া গেজেট চূড়ান্ত প্রকাশনা প্রসংগে।

আলোচনা ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪ আগস্ট, ২০১০ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৯-৬/শা-৩/... নং পত্রের নির্দেশনা অনুযায়ী সংশোধনীর প্রজ্ঞাপনটি সরকারী গেজেটে চূড়ান্ত প্রকাশনার জন্য প্রকাশনা অধিদপ্তরে দরকার এবং কাজের যাবতীয় ব্যয় বোর্ড ফান্ড থেকে নির্বাহ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ সরকারী গেজেটে চূড়ান্ত প্রকাশনার কার্যক্রম গ্রহণ করা হোক। এ কাজের যাবতীয় ব্যয় বোর্ড ফান্ড হতে সংকুলান করা হবে।

*চলমান পাতা-২৪*

২৭ বিবিধ (১২) ঃ মিরপুর ডিওএইচএস এর ৪৯৯ নং প্লটে বাড়ী নির্মাণের সময়সীমা বৃদ্ধিকরণ প্রসংগে।

আলোচনা ঃ সংশ্লিষ্ট প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে বাড়ী নির্মাণের সময়সীমা আগামী আগস্ট, ২০১১ পর্যন্ত বর্ধিত করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এর ৪৯৯ নং প্লটে বাড়ী নির্মাণের সময়সীমা মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছর অর্থাৎ ৩১ আগস্ট, ২০১১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭ বিবিধ (১৩)ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস বিল্ডিং এর সিঁড়িতে ভাস্কর্য/শিল্পকর্ম স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস বিল্ডিং এর সিঁড়ি-তে একটি দৃষ্টি নন্দন ভাস্কর্য/ম্যুরাল স্থাপনের জন্য একটি নমুনা/প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। উপস্থাপিত নমুনাটি অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে মত প্রকাশ করা হয়। উল্লেখ্য যে, উক্ত কাজের জন্য আনুমানিক ১,৬৫,০০০/- (এক লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা ব্যয় হতে পারে।

সিদ্ধান্ত ঃ ১,৬৫,০০০/- (এক লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র গ্রহণ করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৭ বিবিধ (১৪) বনানী ডিওএইচএস এলাকার ৯২ নং প্লটে অননুমোদিত নির্মাণের ধার্যকৃত জরিমানা পরিশোধের বিষয়ে উক্ত প্লটের আম-মোক্তার মুশতাক হোসেন এর ২৯ আগস্ট, ২০১০ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা ঃ আবেদনের প্রেক্ষিতে বিশেষ বিবেচনায় মূল জরিমানার উপর ৫০% অর্থাৎ ১২,২৪,০০০/- + ৫০% = ১৮,৩৬,০০০/- (আঠার লক্ষ ছত্রিশ হাজার) টাকার ক্ষতিপূরণ বাড়ীর মালিক রাজী থাকলে নেয়া যেতে পারে এবং অতিরিক্ত ৩২ মাসের অর্থাৎ ৬০% বাদ দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ মূল জরিমানার ৫০% ক্ষতিপূরণ আদায় করাসহ সর্বমোট ১৮,৩৬,০০০/- (আঠার লক্ষ ছত্রিশ হাজার) টাকা জরিমানা প্রদান করার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭ বিবিধ (১৫) ঃ গত ২৯ জুলাই, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৪১বিবিধ(৪) এর মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কার্যক্রম ডিজিটাইজড্ করার নিমিত্তে ১৫টি কম্পিউটার, ০১টি সার্ভার, ০৩টি ডট প্রিন্টার, অনলাইন ইউপিএস ও নেটওয়ার্কিংকরণ সংক্রান্ত বিষয়ে গঠিত কমিটির মতামত প্রসংগে।

আলোচনা ঃ আলোচনায় জানা যায় যে, গঠিত কমিটি কর্তৃক সার্ভার, কম্পিউটার ও নেটওয়ার্কের বিস্তারিত টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রস্তুত করা হয়েছে। দরপত্র আহ্বান করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ দরপত্র আহ্বান করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-২৫

২৭ বিবিধ (১৬) ঃ মহাখালী ডিওএইচএস অফিস কাম-শপিং কমপ্লেক্স এর নকশা ও মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ সংশ্লিষ্ট প্রকল্পে একটি বেসমেন্টসহ ০৬ (ছয়) তলা নির্মাণের জন্য সর্বমোট ১৭,৯৫,৫৭,৮০০/- (সতের কোটি পঁচানব্বই লক্ষ সাতান্ন হাজার আটশত) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজের যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামী বাবদ প্রাপ্য অর্থ হতে সংকুলান করা যাবে।

সিদ্ধান্ত ঃ ১৭,৯৫,৫৭,৮০০/- (সতের কোটি পঁচানব্বই লক্ষ সাতান্ন হাজার আটশত) টাকার মূল্যানুমান ও নকশা অনুমোদন করা হলো। দরপত্র আহবানপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য মূল্যানুমান ও নকশা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

২৭ বিবিধ (১৭) ঃ মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের নিম্নলিখিত সংশোধিত মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

(ক) ১ম ধাপের ৩৭০ নং প্লট হতে পশ্চিম দিকে পাকা রাস্তা পর্যন্ত উচ্চতা বৃদ্ধিসহ এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে অতিরিক্ত (৫৭৫-০´´ x ১৬-০´´) রাস্তা কার্পেটিংকরণ।

(খ) ১ম ধাপের ৩৭০ নং প্লট হতে পশ্চিম দিকে পাকা রাস্তা পর্যন্ত অননুমোদিত (৫৭৫-০´´ x ২০-০´´) রাস্তা এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিং কাজের সংশোধিত মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

(গ) ১ম ধাপের ৬০-০´´ চওড়া রাস্তা (প্লট নং-৩৭০ হতে ৩৯০ পর্যন্ত) উচ্চতা বৃদ্ধিসহ এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিং কাজের সংশোধিত ১,০৭,০৭,৫৪১/- টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, গত ৩১ আগস্ট, ২০১০ তারিখে সেনাসদর, কিউএমজিশাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের সম্মেলন কক্ষে কিউএমজি মহোদয়ের সভাপতিত্বে এক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সমন্বয় সভায় উপরোক্ত কাজ ১৬ ইসিবি এর সাথে সমন্বয় করে এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিং করার জন্য আলোচনা হয়। তদানুযায়ী তিনটি কাজের মূল্যানুমান সংশোধন করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত দর এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ এ বর্ণিত দরের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং কোন কোন ক্ষেত্রে তার থেকে কম আছে। সার্বিক পর্যালোচনায় বিষয়টি অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ (ক) সংশোধিত ২৯,৮৬,৫৩৭/- (উনত্রিশ লক্ষ ছিয়াশি হাজার পাঁচশত সাইত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করার হলো।

(খ) সংশোধিত ২৩,৪২,০৭৬/- (তেইশ লক্ষ বিয়াল্লিশ হাজার ছিয়াত্তর) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো।

(গ) সংশোধিত ১,০৭,০৭,৫৪১/- (এক কোটি সাত লক্ষ সাত হাজার পাঁচশত একচল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো।

জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণের নিমিত্তে সংশোধিত মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**( মোঃ নাজমুছ সাদাত সেলিম )**
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

**( কর্ণেল তানভির হাসান মজুমদার )**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।